# भारतीय कला और शिल्प

# ভারতীয় কলা আর শিল্প

# BHARATIYA KALA AUR SHILPA


NATIONAL INSTITUTE OF TECHNICAL TEACHERS' TRAINING AND RESEARCH, KOLKATA

राष्ट्रीय तकनीकी शिक्षक प्रशिक्षण एवं अनुसंधान संस्थान, कोलकाता


Vol. 3. No. 2, Dec, 2022

# Editorial Board




*Prof. Debi Prasad Mishra*
*Editor-in-Chief*



*Prof. Samir Roy*
*Editor*



*Prof. Ranjan Dasgupta*
*Member*



*Prof. Dipankar Bose*
*Member*



*Prof. Habiba Hussain*
*Member*

# Contents


| Title and Author | Page |
|---|---|
| **From the Desk of Editor-in-Chief**<br>*Prof. Debi Prasad Mishra, Director* | 01 |
| **My Little Bird**<br>*Debi Prasad Mishra, Director* | 03 |
| **From The Diary of a Teacher**<br>*Habiba Hussain, Associate Professor* | 04 |
| **Drawing: Shanti Marga Darshak – A view from DN Block**<br>*Rayapati Sarada, Wife of Dr. Rayapati Subbarao* | 05 |
| **Portrait of Rabindranath Tagore**<br>*Artist: Shri Priyatosh Dey, Staff* | 06 |
| **লক ডাউন এর পরে**<br>*দীপঙ্কর বসু, অধ্যাপক* | 07 |
| **কায়া**<br>*দীপঙ্কর বসু, অধ্যাপক* | 08 |
| **ঘোঁতনের বিয়ে**<br>*সমীর রায়, অধ্যাপক* | 09 |
| **ক্ষণিকের তরে চাকরের ভূমিকায়**<br>*নিতাই কুমার সরকার, কর্মী* | 16 |
| **চলো যাই ছেলেবেলা**<br>*দীপক গুপ্ত, কর্মী* | 18 |
| **Photograph: Dawn at Lachen Village**<br>*Shri Prasanta Paul, Staff* | 20 |
| **ঘুরে এলাম হারশিল**<br>*প্রশান্ত পাল, কর্মী* | 21 |
| **धन का महत्व**<br>*राधानाथ राउत, कर्मी* | 25 |
| **तुम जरूर आओगी**<br>*रायपाटि सुब्बाराव, सह-आचार्य, यांत्रिक विभाग* | 27 |
| **Drawing**<br>*Shri Shivam Dey, S/o Shri Priyatosh Dey* | 28 |
| **Photograph: On the way of Gurudongmar Lake**<br>*Shri Prasanta Paul, Staff* | 29 |

*From the Desk of*

# Editor-in-Chief



Bhartiya Kala and Shilpa, the enigmatic literary mouth piece of our institute is taking another avatar with arrival of western new year which is generally celebrated with equal pomp and grandeur across entire India. The landscape of education in Indian is about get catapulted with advent of fervent introduction of NEP 2020. Besides this, we need to work along with the commandments of education 4.0 along with introduction of Industry 4.0 imported from the western world. The onslaught of pandemic Covid-19 spell for last two years, students and teachers were forced to get acquainted with online classes with help of advanced digital technologies which becomes a new normal. It has also affected training programs at NITTTR Kolkata with drastic reduction in participant on contact mode even after this pandemic situation. There is a paradigm shift in mind-set of both students, teachers and parents going back to earlier days' mode of education. Hence there is an urgent need to readapt the education and training system to match the technological growth in the form of various educational technologies including robotics and artificial intelligence. It is advocated that Education 4.0 can act as a panacea in effecting a transformational change powered by the advanced digital technologies that can provide an appropriate platform for a learner to take charge of the teaching-learning process and enable him to govern his own academic development towards his unique goals. It is advocated that this newly framed and digital technology education model can transcend all the boundaries in terms of timetable, educational institution. However, no effort has been made to assess its adverse effect on emotional, social, moral, ethical and spiritual aspect of both learners and teachers as the direct interaction of teachers and learners will be minimized in this education model. As I had expressed my concern earlier the lack of face-to-face contact with the class which calls for us to investigate and find out the unique behavioural and instructional skills and competencies in the teacher and learners, required to avoid its anomalies. Hence it is important and essential for the NITTTR, Kolkata to look into this newly introduced Education 4.0 along with Industry 4.0 and find out strategies to cope with this paradigm shift in the arena of education world. Efforts must be made to chalk out various strategies how to innovate new ways of dealing with inevitable while integrating with Indian cultural values and heritage while not subjugating the curious and creativity traits of human being.I remain with following message from our Ishavasya Upanishad:

ॐ पूर्णमदः पूर्णमिदं पूर्णात्पूर्णमुदच्यते ।
पूर्णस्य पूर्णमादाय पूर्णमेवावशिष्यते ॥
ॐ शान्तिः शान्तिः शान्तिः ॥

Om Puurnnam-Adah Puurnnam-Idam
Puurnnaat-Puurnnam-Udacyate |
Puurnnasya Puurnnam-Aadaaya Puurnnam-Eva-Avashissyate ||
Om Shaantih Shaantih Shaantih ||

Om, That represents Outer World is full with the Divine Consciousness; This represented by the Inner World is also full with Divine Consciousness; From the Fullness of Divine Consciousness the World is manifested which is full. The ultimate objective of a human life is to attain this fullness in this very life itself.

***Prof. Debi Prasad Mishra***
*Director, NITTTR Kolkata &*
Editor-in-Chief

# MY LITTLE BIRD

***Debi Prasad Mishra, Director***

My lovely little bird,
Fly away to the distant moon,
Braving through the scorching rays,
In search of celestial joy,
Leaving me alone,
In the ocean of misery.

Never look at me,
Nor to her own home,
Nor to her adored chums,
Who longs for her companion.

I still reminisce today,
Her chirping tune of music,
That still pervades my heart,
With the aroma of sweet fragrance.

I will have to wait silently,
With my aged body and soul,
For my lovely little bird,
To return to her own cage,
With fountains of eternal joy.

I could foresee my distant oasis,
In the dreadful derogative desert,
Of this wretched oppressive world,
Where the flow of peace and amity,
Prevails in the river of human life,
Whose touch of love and affection,
Transform even a stubborn man,
To relish the wine of platonic love,
When all the antipathy and enmity,
Will lose their potency and power.

All the man-made miseries of life,
Will vanish into the unknown world,
No more pain and sufferings,
No more craving and desires,
No more heartbreaking,
Which will not hunt us more.

The mystifying formidable fear
That prevails all over today's world,
Without our knowledge,
Will never raise their voices,
To spoil the eternal music of life





# FROM THE DIARY OF A TEACHER

*Habiba Hussain, Associate Professor*


In the midst of doubt and fear,
The pensive boy could no more bear;
His earlier learnings, made a revisit-
For what he thought was the opposite,
Questioning her, oh, not to dare;
And that made him stand and stare,
At whatever was being scribbled;
Repeating the words, yet quite grim,
Yes, it was only scribbling for him;
As it made no sense whatsoever-
For a mind that now turned a wanderer.
Travelling through what he saw and read,
Running, as though, amid doggerel, he felt,
Numerous ideas to his mind were fed;
Thought he, 'Am I wrong or is this correct;
This is not what I observed, so should I dare,
Strict she looks, annoyance lest I invite.
What if she snips back & does not care?
Friends will laugh, call me by names,
Should I ask or they would give my nerves?'
And, now he heard his name being called,
Surprised he was, yet quite shocked.
Unprepared he stood, not knowing what to speak,
'Sorry, I don't understand, will you please repeat',
Only he could say this, gathering all the courage,
'Oh my God, now, have I invited her rage?'
Almost shivering in fear, looking at the floor,

'Will I be shown the way out of that open door?'
'Tell me what it is you think, to all - aloud,
Fear not, say my boy, mistakes are allowed.
I am glad for whatever you shall speak'.
Saying this, she turned around & looked,
For curious ones, whose minds were hooked-
To thinking that sounded silly & wild,
Thought she, 'Let it flow harsh and mild,
At last, amongst them, a spark has clicked;
A kindling flame to burn as a big fire,
Calling for our attention, a forecast dire.
Here emerges a star about to shine,
But, how can one afford so much of time?
So, shall I stop the exciting young minds,
From asking anything that one observes and finds,
With abundance of whats and whys and hows;
And, not to agree blindly to whatever follows?
Wow, this is my victory, my day is done,
No, it is our victory, we all have won;
Yes, we have won even if it's a lone mind,
That thinks and goes beyond to find -
A world of thoughtfulness and fantasy,
And, this showers on us our ultimate ecstacy!





**Shanti Marga Darshak – A view from DN Block**
(by Rayapati Sarada, Wife of Dr. Rayapati Subbarao)



**Artist:** Shri Priyatosh Dey, Staff

# লক ডাউন এর পরে

**দীপঙ্কর বসু, অধ্যাপক**

যাক অবশেষে শেষ হলো মনে হচ্ছে। সুচিন্তিত চেপে থাকা জীবনযাত্রার অবসান হলো। ধীরে ধীরে মুখ ঢাকা অবস্থা থেকে মুখ দেখিয়ে চলার শুরু । চারিদিকে লাগামছাড়া চলাচল - যারা গেছে যাক, আমি তো আছি - এই একটি ভাবনা নিয়ে আমরা চলেছি।

এই বিগত লক ডাউনে আমাদের কিছু উলেক্ষণীয় পরিবর্তন লক্ষ্য করলাম

-সংসারের সব সদস্যের মানসিক ভাবে কাছা কাছি আসা

-পরস্পর কে আরো ভালো ভাবে জানা

- জীবনযাত্রার চাহিদার সীমিত বোধ আনা

সত্যি কথা বলতে কি ধীরেধীরে আমরা সীমিত বোধে অভ্যস্থ হয়ে পড়ছিলাম। আমি মাঝে মাঝে শ্রী মদ্ভগবৎ গীতার আশ্রয় নিচ্ছিলাম। গীতার সার বোঝা উপলব্ধির ব্যাপার। এটা বুঝলাম পুনর্জন্ম আছে। এজন্মের কর্মফল নিয়েই যাবো পরজন্মে। ভাল মন্দ মিশিয়ে তো আমাদের এই নশ্বর জীবন। ভালোর দিকে পাল্লা ভারী হলে পরজন্ম সুখের। আবার মন্দের দিকে ঢলে পড়লে নিকৃষ্ট জীবন প্রাপ্তি। তবে এটা ঠিক ভালো থাকার 'হ্যাপা' অনেক।

চক চকে প্রলোভন, ঠেলে দেয় লোভের পাঁকে, জন্ম দেয় পাপ, ইচ্ছে থেকেই লোভ, লোভ থেকে পাপ ও পরিশেষে পতন, এটা বুঝলাম যে সৃষ্টিকর্তা কিন্তু আমাদের লোভী আত্মা আর ভোগী শরীর দেন নি। পরিবর্তনের সাথে, অভিজ্ঞতার প্রলেপে বাঁচার ইচ্ছেই আমাদের আত্মা হয়ে ওঠে লোভী ও শরীর ভোগ চায়।

গীতায় পড়লাম শ্রীকৃষ্ণ বলেছেন সুপথে থাকো, পরজন্মে নিদেনপক্ষে সদাচার ধনীগৃহে জন্মাবে। এটা সত্যি ধনীগৃহে জন্মানোটা আশীর্বাদ। জৈবিক চাহিদা পূরণের জন্য চেষ্টার কোনো দরকার নেই। আমার আবার মনে হয় ধনীগৃহ মানেই প্রাচুর্যের ছড়াছড়ি নয়। অনেক স্বাত্বিক পরিবারও মানসিক গঠনে ধনী। ওখানে জন্মালেও পরম সন্ধানে যাওয়া যায়।

কিন্তু আমার আবার গরিবের চাহিদার সীমাবদ্ধতা ভারী পছন্দের। গরিব ভেবে চিনতে নেয়। আর বড়লোকেরা, ধনীরা হামলে পড়ে। নেবে যখন নির্লজ্জের মতো দু হাত ভরে নেবে। চিন্তার ও চাহিদার সীমাবদ্ধতা গরিবকে কিছুটা আড়স্ট রাখে। এই পৃথিবীর শ্রেষ্ঠতম সন্তানেরা গরিবের ঘরেই জন্ম - কথায় বলে "All greatmen were beggars"। গরিবের আধার ভালো। তবে সৎ ও ঈশ্বর বিশ্বাসীদের এই পৃথিবীতে টিকে থাকাটা কষ্টের। ঈশ্বরও চালাক, তিনি দেখেছেন বিপদে না পড়লে আমায় এরা ডাকবে না কেউ -এই ভেবেই ভালোমানুষদের দুর্দশার সীমা নেই। তাই তো রাবন জীবৎকালে ভোগের আগার- আর শ্রীরামচন্দ্রের বনে বনে ঘোরা। তবে আমাদের দেশে রামের পুজো হয় আর রাবনকে ফি বৎসর পোড়ানো হয়।

তাই এই লক ডাউন পরবর্তী জীবনে গড্ডালিকা প্রবাহে গা ভাসিয়ে দেওয়া আর ঠিক হবেনা । আমাদের সবারই কিঞ্চিৎ বোধোদয় দরকার। বোধোদয় কিসে হয়? দানে আর ধ্যানে। সবাই হাত পেতে আছে। হাত উপুড় হয় কজনের? আবার দান করলে আত্মশ্লাঘায় ভুগলে চলবে না। 'আমি দিচ্ছি' ভাব দানের পুরো মর্যাদার জলাঞ্জলি। মনে রাখতে হবে চাওয়া ও পাওয়ার ব্যবধান পূর্ব নির্ধারিত। ঈশ্বরই দিচ্ছেন আমাদের হাত ধরে। এইঅবস্থায় আমাদের মনকে বাঁধতে হবে। আর বাঁধতে গেলেই দড়ি লাগবে - ধ্যান হচ্ছে সেই দড়ি। এটা ঠিক লাফানো মনকে বেঁধে ফেলা বড়ো কষ্টকর। আমাদের মতো সাধারণ মানুষের মন সদাচঞ্চল। তবু চেষ্টা করতে দোষ কি। এই সদাব্যস্ত জীবনে দিনের কিছুটা সময় একাকিত্ব ও নিস্তব্ধতা তে থাকলে মনের বাঁধন দৃঢ় হয়। তাই এই লক ডাউন পরবর্তী সময়ে আমাদের দৈনিক কিছুটা সময় আত্মস্থ থাকাটাই বাঞ্ছনীয়। আর মানুষের জন্য দিতে জানতে হবে। একেবারে নিঃস্বার্থ দান। মনে রাখতে হবে আমরা যদি আমাদের সমস্ত পার্থিব সম্পদ দিয়ে মানবসেবায় কাজে লাগাই, তবু এর পরিমান খুবই কম। ভবিষ্যৎ কি হবে টা আমাদের অজানা। তাই ভবিষ্যতের জন্য সঞ্চয় নিরর্থক। আসলে আমার মনে হয় শুধু চাহিদা পূরণের জন্য এই সঞ্চয়।

তাই আমরা এই লক ডাউন পরবর্তী সময়ে যদি কিছুটা নিয়ম মেনে চলি তবে চলার পথে তালভঙ্গ হবেনা। নিয়ম গুলো হলো -

- কিছুটা সময় ধ্যান (মেডিটেশন) করা

- আত্মমগ্ন ও আত্মবিশ্লেষণে লিপ্ত থাকা

- পরিবারের সবার সাথে অকপট থাকা

- জীবনযাত্রার পরিমিত বোধ আনা

এই উপরিউক্ত নিয়মগুলো মেনে চললে আমরা হাস্য মুখে অনিশ্চিত অদৃষ্ট কে মোকাবিলা করতে পারবো।

# কায়া

**দীপঙ্কর বসু**

বুঝলে রাধানাথ - আমাদের পেছনে চলে ছায়া -

সামনে থেকে চালায় মায়া-

আর আমি চলি নিয়ে অকিঞ্চিৎ কায়া -

পেরিয়ে এলুম তিনকুড়ি বসন্ত, শীত, গ্রীষ্ম ও সাথে

হেমন্তের ছোঁয়া।

এখন শীতের ভোর - মাঝে মাঝে ঠান্ডা বোধ

অধুনা প্রাপ্ত এলোমেলো হাওয়া ঝুঁকি দিয়ে যায়

তবু মাঝে মাঝেই উঁকি মারে শরতের সোনালী সকালের হাওয়া।



Attribution:THL India, CC BY-SA 2.0

# ঘোঁতনের বিয়ে

**সমীর রায়, অধ্যাপক**

মদনপুরের বিখ্যাত বাংলা মদের দোকান ব্যোমভোলা চুল্লুর মালিক গজাননবাবু লুঙ্গি পরে বাড়ির বৈঠকখানায় তক্তপোশের ওপর গ্যাঁট হয়ে বসে দুই হাঁটুতে তবলা বাজাতে বাজাতে গিন্নির হাতে বানানো জলখাবারের জন্য অপেক্ষা করছিলেন।

বিকেল পড়ে আসছে। দিনের আলো নিভে যাওয়ার আগেই দোকানের ঝাঁপ খোলা চাই। সন্ধ্যে হতে না হতে খদ্দেরের আনাগোনা শুরু হয়ে যাবে । কোনোমতেই তারা যেন ফিরে না যায়। খদ্দের লক্ষ্মী। খদ্দের সন্তুষ্ট থাকলে তবে কিনা গজাননের ঘরের লক্ষ্মী অচলা হবেন!

"বলি ও টেঁপির মা, আমার টিপিনের কি হল? এদিকে যে বেলা বয়ে যাচ্চে।" বাঁজখাই গলায় গজাননবাবু গাঁক গাঁক করে হাঁক পাড়েন। গিন্নিকে উনি টেঁপির মা বলেই সম্বোধন করে থাকেন। টেঁপি তাদের একমাত্র সন্তান। মেয়েটার বাড়ন্ত গড়ন। সেজেগুঁজে রাস্তা দিয়ে হেঁটে গেলে ছেলে-বুড়ো সক্কলে হ্যাংলার মত ড্যাবড্যাব করে তাকিয়ে থাকে। ভগবান না করেন, কিছু একটা অঘটন ঘটে যাওয়ার আগেই মেয়েটার একটা হিল্লে হওয়া দরকার।

"ষাঁড়ের মত চিল্লাচ্চো কেন?" জলখাবারের থালা হাতে ঘরে ঢুকতে ঢুকতে টেঁপির মা ঝংকার দিয়ে ওঠেন, "টিপিন টিপিন করে মাথা খারাপ করে দেবে - এই নাও তোমার টিপিন।" থালাটা গজাননবাবু সামনে ঠক করে নামিয়ে রেখে শাড়ির আঁচলে গলার ঘাম মুছতে মুছতে বলেন, "হয়েছে ? এবারে শান্তি হয়েছে তো ?"

গরম গরম হিঙের কচুরি, সঙ্গে বাধাঁকপির তরকারি ও বোঁদে। আবার পাশে এক পেয়ালা ইস্পেশাল আদা-চাও শোভা পাচ্ছে। দেখে গজাননবাবুর মনটা নরম হল। তিনি গিন্নিকে তোয়াজ করে বলেন, "আহা রাগ করো কেন? তুমি কিনা মা অন্নপুন্না। তোমার অন্নেই তো বেঁচেবর্তে আছি গো!"

"থাক, আর গ্যাস দিতে হবে না। ওসব আমার জানা আছে।" এই বলে টেঁপির মা দুম দুম করে পা ফেলে ভেতরের ঘরের দিকে রওয়ানা দিয়েছেন কি দেন নি, আর ঠিক তক্ষুনি ঠক-ঠক-ঠক করে কে যেন বাইরের দরজায় কড়া নাড়লো।

(২)

"এই অসময়ে কে আবার কড়া নাড়ে?" গজাননবাবু গজগজ করতে করতে ভুরু কুঁচকে গিন্নির উদ্দেশ্যে বলেন, "দেখো তো কে এলো?"

টেঁপির মা থমকে দাঁড়িয়ে দরজার দিকে মুখ করে ঝাঁঝালো কণ্ঠে হাঁকেন, "কে ? কে ওখানে?"

"আজ্ঞে দরজাটা একবার খুলবেন?" বাইরে থেকে অচেনা এক ছোকরার গলার আওয়াজ ভেসে আসে। টেঁপির মা দরজা খুলে দিতেই সুড়ুৎ করে তালপাতার সেপাইয়ের মত প্যাংলাপানা এক মূর্তি ঘরে ঢুকে আতা দাঁত কেলিয়ে বলল, "নমস্কার, ভেতরে আসতে পারি?"

ভুতুড়ে ওই মূর্তির মুখে কথাটা শুনে টেঁপির মার হাড়-পিত্তি জ্বলে গেলো, "ন্যাকামো হচ্চে? ভেতরে তো এসেই পড়েছো না বলে কয়ে, আবার বলছো ভেতরে আসতে পারি? ইয়ার্কি?"

গজাননবাবু জিজ্ঞেস করলেন, "কে হে তুমি? কি নাম তোমার?"

"আজ্ঞে আমি ঘোঁতন।"

"ঘোঁতন? বাঃ ভারী মিষ্টি নাম তো! তা বাবা ঘোঁতন আমার কাছে তোমার কি উদ্দেশ্যে আগমন?"

"আপনাকে একটা কথা বলার ছিল।" ঘোঁতন কবুল করে।

"ছিল? তার মানে অতীতকাল? এখন আর নেই?"

"না না, এখনো বলার আছে।"

"আছে তো ছিল বলছিলে কেন? বলো "আপনাকে একটা কথা বলার আছে।"

"আজ্ঞে হ্যাঁ। আপনাকে আমার একটা কথা বলার আছে।"

গজাননবাবু এবার সন্তুষ্ট হলেন, "বেশ, বলো তুমি কি বলতে চাও।"

"বলছিলাম কি -" ঘোঁতন আমতা আমতা করতে থাকে।

"আবার অতীতকাল!" গর্জে ওঠেন গজানন।

"ওহো সরি - বলছি কি -" ঘোঁতন আবার ইতস্তত করে।

টেঁপির মা অধৈর্য হয়ে খেঁকিয়ে ওঠেন, "কি মুশকিল! ভ্যান্তারা না করে কথাটা তাড়াতাড়ি বলে ফ্যালো, অনেক কাজ পড়ে আছে।"

এবার ঘোঁতন মরিয়া, "বলছি যে আপনার মেয়ে টেঁপি -"

"এই সেরেচে" গজাননের গিন্নি মনে মনে প্রমাদ গোনেন।

"বলো বলো" গজাননবাবু ঘোঁতনকে উৎসাহিত করেন, "বলে ফ্যালো শিগগিরি।"

"টেঁপিকে আমি ভালোবাসি।" এক নিঃশ্বাসে কথাটা জানিয়ে দিয়ে ঘোঁতন ফোঁস করে শ্বাস ফেললো।

(৩)

ঘোঁতনের এই চমকপ্রদ ঘোষণায় গজাননবাবুর বৈঠকখানায় কয়েক সেকেন্ডের নীরবতা নেমে এলো। অতঃপর গজাননবাবু নিরাশ হয়ে বিড়বিড় করে বলেন, "ও এই ব্যাপার।"

"ক্কি? কি বললে?" রাগে টেঁপির মার গা রি-রি করছে।

"আজ্ঞে আমি টেঁপিকে ভালোবাসি।" ঘোঁতন এবার অকপটে স্বীকার করে।

টেঁপির মার আর সহ্য হয় না, "এত বড় আস্পদ্দা? বাড়ি এসে অপমান?"

গজাননবাবু গিন্নিকে নিরস্ত করেন, "ধ্যুৎ তুমি থামো তো! স্বাধীন দেশের স্বাধীন নাগরিক - যাকে খুশি ভালোবাসার অধিকার আছে। তুমি আমি আটকাবার কে?" তারপর ঘোঁতনের প্রতি, "বাছা ঘোঁতন, তুমি টেঁপিকে ভালোবাসো শুনে আমরা খুব প্রীত হলাম। সত্যি বলতে কি, তুমি কাকে ভালবাসবে অথবা বাসবে না সেটা তোমার ব্যক্তিগত ব্যাপার, এতে আমাদের কিছু বলার বা করার নেই। তবে কিনা, টেঁপিকে ভালবাসার মধ্যে নতুনত্ব কিছুই নেই। এই বাড়ির চারপাশে দশ বর্গকিলোমিটারের মধ্যে সব ছেলে-ছোকরাই টেঁপির প্রেমে পাগল। আমার কন্যা টেঁপির অসংখ্য ফ্যানের মধ্যে তুমিও একজন, তার বেশি কিছু নও, বুঝেছ ? অতএব তুমি এবার আসতে পারো। এখন আমার চুল্লুর ঠেক খোলার সময় হয়েছে। খদ্দেররা গেলাস হাতে চাতকের মত হা-পিত্যেশ করে বসে আছে। টিপিন করেই আমি বেরিয়ে পড়ব। তুমি ভাগো।"
টেঁপির মা, অর্থাৎ গজাননবাবুর স্ত্রী, আর একটু খোলসা করে পষ্টাপষ্টি জানালেন, "মানে মানে কেটে পড়ো নইলে ঘাড় ধরে বের করে দেবো অসভ্য জানোয়ার কোথাকার।"

ঘোঁতন এবার হাঁ-হাঁ করে উঠল, "দাঁড়ান দাঁড়ান, তাড়িয়ে দেবেন না, আরো কথা আছে।"

"আবার কি কথা?" গজাননপত্নী থমকে গেলেন।

গজাননবাবু বিরক্ত হয়ে বলেন, "আরো কথা? কি মুশকিল! আচ্ছা বলো। চটপট ব্যক্ত করো।"

"আপনার মেয়ে টেঁপিও আমাকে ভালোবাসে।"

(৪)

ঘরের মধ্যে যেন একটা বজ্রপাত হল। টেঁপির মা গরম তেলে জ্যান্ত কৈ মাছের মতো তিড়িং-বিড়িং করে লাফাতে লাগলেন, "এই ছোঁড়া, মুখ সামলে কথা বলবি। নইলে জিভ টেনে ছিঁড়ে ফেলবো। কেটে কুচি কুচি করে নেড়িকুত্তা ডেকে খাওয়াবো বদমাস কোথাকার।" ইত্যাদি ইত্যাদি।

গজানন গিন্নিকে শান্ত করার চেষ্টা করেন, "আহা উত্তেজিত হয়োনা। আগে তো কেসটা বুঝতে দাও।" তারপর ঘোঁতনকে, "কি বললে তুমি? আবার বলো তো!"

"বলছি যে আমি টেঁপিকে ভালোবাসি, আর টেঁপিও আমাকে ভালোবাসে।"

"সত্যি?"

"আলবৎ! একশোবার! আরে ওই তো আমাকে ঠেলেঠুলে পাঠালো এখানে। নইলে কার দায় পড়েছে ফালতু ঝামেলায় জড়াতে?"

গজাননগিন্নি চেঁচিয়ে ওঠেন, "খামোশ! আমার মেয়ের নামে কলঙ্ক রটাবি তো তোকে গারদে পুরে পুলিশ দিয়ে ক্যালানি খাওয়াবো বলে দিলাম।"

গজানন আবার রগচটা গিন্নিকে সামলাতে চেষ্টা করেন, "তুমি থামো তো! মাথা গরম কোরোনা। আচ্ছা বাবা ঘোঁতন, তুমি কি স্যিওর যে টেঁপি তোমাকে, মানে তোমাকেই, ভালোবাসে?"

"স্যিওর মানে? ড্যাম স্যিওর। টেঁপি আমাকে, আমাকে, আমাকেই, ভালোবাসে। আর কারুক্কে না। জিজ্ঞেস করুন ওকে।"

"অসম্ভব। এ হতে পারে না। মিথ্যে কথা।" টেঁপির মায়ের তারস্বরে প্রতিবাদ।

"টেঁপিকে ডাকি তাহলে?" গজানন প্রস্তাব দেন।

"অব কোর্স। ডাকুন না।" ঘোঁতন বুক চিতিয়ে সমর্থন জানায়।

"আর টেঁপি অস্বীকার করলে কি হবে?"

"অস্বীকার করলে?" ঘোঁতন সদর্পে বলল, "কান কেটে কুত্তার গলায় ঝুলিয়ে দেব।"

গজানন ব্যস্ত হয়ে বলেন, "ওরে বাবা, ওসব রক্তারক্তি কান্ড বাঁধাবার দরকার নেই।"

"পুলিশ লেলিয়ে দেবো। ফাটকে আটক করে ডান্ডাপেটা করলেই রোমিওগিরি বেরিয়ে যাবে।" রাগে ফুঁসতে ফুঁসতে গজাননগিন্নি জানালেন।

গজানন আরো একবার ঘোঁতনকে সতর্কবার্তা দিলেন, "বাবা ঘোঁতন, এখনো সময় আছে, ভাল করে ভেবে দেখো। টেঁপি বিগড়ে গেলে কিন্তু তোমার আর রক্ষে নেই। তাহলে ডাকবো, নাকি, ডাকবো না?"

"হ্যাঁ হ্যাঁ ডাকুন, আজ একটা হেস্তনেস্ত হয়ে যাক।"

গজাননবাবু হেঁড়ে গলায় ডাক দিলেন, "টেঁপি - টেঁপি! মা আমার!! কোথায় তুই?"

বাড়ির ভেতর থেকে মেয়েলি গলায় সাইরেনের মত আওয়াজ এল, "কি বাবা? ডাকছ কেন?"

"এখানে আয় তো একবার।"

"আসছি।"

(৫)

টেঁপি ঘরে ঢুকতেই ঘরটা যেন মৃদু সুগন্ধে ভরে গেল, অন্তত ঘোঁতনের সেরকমই মনে হল। সত্যি বলতে কি, টেঁপির পাশে ঘোঁতন নিতান্তই বেমানান। ঘোঁতন ঢ্যাঙা, টেঁপি বেঁটেখাটো। ঘোঁতন রোগা-প্যাংলা হাড়গিলেপানা, টেঁপি গোলগাল, হৃষ্টপুষ্ট, নাদুস-নুদুস। ঘোঁতনের গায়ের রঙ ভুসো কালির মত, টেঁপি বেশ ফর্সা। ঘোঁতনের মাথায় কোঁকড়া কোঁকড়া জঙ্গুলে চুল, টেঁপির মাথার চুল লম্বা, সটান, সযত্নলালিত। পৃথিবীতে এত উপযুক্ত ব্যাটাছেলে থাকতে এই মেয়ে কিনা ঘোঁতনের মত একটা চালচুলোহীন ঝোড়ো কাকের প্রেমে পড়েছে এটা মেনে নেওয়া সত্যি বেশ কঠিন।

ঘরে ঢুকে ঘাড় ঘুরিয়ে চাদ্দিক দেখেশুনে টেঁপি বলল, "কি বাবা, ডাকছিলে কেন?"

গজাননবাবু ঘোঁতনকে দেখিয়ে জিজ্ঞাসা করলেন, "একে চিনিস তুই?"

টেঁপি মুখ বেঁকিয়ে বলল, 'ও তো ঘোঁতন। কেন কি হয়েছে?"

"তুই নাকি ওকে ভালবাসিস? সত্যি?"

"কে বলেছে?" টেঁপি ফোঁস করে ওঠে।

"এই বদমাশটা বলেছে।" ঘোঁতনকে দেখিয়ে গজাননগিন্নি ফোঁড়ন কাটেন।

"কারেক্ট। ঘোঁতনই বলছে।" গজাননবাবু সায় দিলেন।

টেঁপি তাচ্ছিল্যের ভঙ্গিতে বলল, "ধ্যুস! আমার বয়ে গেছে ওকে ভালবাসতে।"

ঘোঁতন স্তম্ভিত হয়ে আর্তনাদ করে উঠল, "টেঁপি! কি বলছিস তুই!!"

টেঁপির মা গর্জন করে উঠলেন, "চোপ! জিভ টেনে ছিঁড়ে নেব নচ্ছার লম্পট কোথাকার। বেরো, বেরো বলছি, এক্ষুনি বেরো এখান থেকে।"

গজানন, "ওহে ছোঁড়া, বাঁচতে চাও তো পালাও।"

ঘোঁতন কাঁদো কাঁদো মুখে টেঁপিকে বলল, "টেঁপি রে, তুই এভাবে আমাকে ল্যাং মারলি? মারতে পারলি! য়্যাদ্দিন বাদে তুই পারলি একথা বলতে? ঠিক আছে আমি চলে যাচ্ছি।" এবং গজাননের দিকে ফিরে ধরা গলায়, "এক্সট্রিমলি সরি স্যার। আমার ভুল হয়ে গেছে। মাপ করবেন। আমি এক্ষুনি চলে যাচ্ছি। আর আসবো না।"

এই বলে ঘোঁতন দরজার দিকে পা বাড়াতেই টেঁপি এক লাফে প্রস্থানোদ্যত ঘোঁতনের পথ আগলে দাঁড়ালো, "কোথায় পালাচ্ছিস?"

টেঁপির মা কঠোর স্বরে বললেন, "মামনি, তুমি ভেতরে যাও।"

টেঁপি তার মায়ের কথায় কর্নপাত না করে কোমরে দুই হাত রেখে কড়া স্বরে আবার বলল, "কি রে পালাচ্ছিস কোথায়?"

"যেখানেই যাই, তোর কি?"

**"**ইঃ ন্যাকা! যে কাজে এসেছিলি সেটা হয়েছে তো?"

"হবে কি করে? তুইই তো বাগড়া দিলি!"

"অপদার্থ! বাবা, ওকে জিজ্ঞেস করো তো কি উদ্দেশ্যে এখানে এসেছিলো?"

গজাননবাবুর মাথা গুলিয়ে যাচ্ছে। তিনি একবার ঘোঁতনের হাঁড়িপানা বদনের দিকে আর একবার নিজের মেয়ের চাঁদমুখের পানে তাকিয়ে যন্ত্রচালিতের মত প্রশ্ন করলেন, "বাবা ঘোঁতন, তুমি কি জন্যে এসেছিলে আমার কাছে?"

ঘোঁতন মাথা নিচু করে দাঁড়িয়ে রইলো। টেঁপি ওকে কনুইয়ের খোঁচা দিয়ে বলল, "কি রে, বল! ক্যাবলার মতো দাঁড়িয়ে আছিস কেন?"

"আজ্ঞে বিয়ের প্রস্তাব দিতে।"

বিয়ের কথা শুনে টেঁপির মা মাথায় হাত দিয়ে তক্তপোশের ওপর বসে পড়লেন। কিন্তু গজাননের কান খাড়া হয়ে উঠল, "বিয়ে! কার বিয়ে? কার সাথে বিয়ে?"

"আজ্ঞে আপনার মেয়ের বিয়ে, আমার সাথে ।"

উৎসাহে গজাননবাবু লাফিয়ে উঠলেন, "আরে ধুর, আগে বলবে তো?"

"সেটাই তো বলতে চাইছিলাম।"

"বলতে চাইছিলে তো আসল কথা না বলে কে কাকে ভালোবাসে এইসব ফালতু গপ্পো ফেঁদে বসেছো কেন হে? কাজে নেমে কাজের কথা বলো।"

"যাব্বাবা, কথা নেই বার্তা নেই হুট্ করে বিয়ে করব বলা যায় নাকি?"

**"**তাই বলে পেরেম-পিরিতির কেচ্ছা? কোথায় পেরেম আর কোথায় বিবাহ! পেরেম হল দাড়ি-গোঁপের মত, বয়সকালে গজগজিয়া ওঠে, উঠবেই, উঠতে বাধ্য, তুমি চাও বা না চাও। কামিয়ে সাফ করলেও আবার গজাবে। কিন্তু বিয়ে? ওরে বাবা। সারা জীবনের পার্টনারশিপ। জন্মজন্মান্তরের ব্যবসা। কত পরিশ্রম, কত মাথা খাটাতে হয় ব্যবসা দাঁড় করাতে, ব্যবসা চালু রাখার জন্য তা জানো? ইয়ার্কি নাকি?"

গজাননগিন্নি জিভ কেটে বললেন, "ছিঃ বিয়েকে ব্যবসা বলছ, তোমার সাথে কি আমার ব্যবসার সম্পর্ক?"

"আলবৎ। একশোবার। না তো কি মন নিয়ে আতুপুতু ছেলেখেলা? যত্ত সব ইয়ে। ওহে ঘোঁতন কাজের কথায় এসো। কি প্রস্তাব দিতে এসেছো তুরন্ত দিয়ে ফ্যালো তো বাবাজীবন।"

টেঁপির মা ঘোঁতনের উদ্দেশ্যে চিবিয়ে চিবিয়ে বললেন, "প্রস্তাব কুপ্রস্তাব কিচ্ছু চাই না, তুই এখন ভালোয় ভালোয় বিদেয় হ দিকি।"

টেঁপি বলল, "তুমি তোমার কাজে যাও তো মা!" তারপর ঘোঁতনকে, "আরে ক্যাবলার মত দাঁড়িয়ে আছিস কেন? বল!"

গজানন, "হ্যাঁ হ্যাঁ তাড়াতাড়ি বলো, সময় চলে যাচ্ছে।"

ঘোঁতন একবার ঢোঁক গিলে, একটু কেশে, মনোবল সঞ্চয় করে বলল, "আজ্ঞে আমি ঘোঁতন, আপনার কন্যা টেঁপিকে বিবাহ করিতে ইচ্ছুক।"

(৬)

যেই একথা বলা, অমনি টেঁপির মা হাত-পা ছুঁড়ে চীৎকার শুরু করে দিলেন, "অসম্ভব। এ হতে পারে না, কিছুতেই না। এরকম একটা অকাল কুষ্মান্ডের হাতে আমি আমার মেয়েকে তুলে দেবোনা, দেবোনা, দেবোইনা।"

গজাননবাবু স্ত্রীকে শান্ত করে বলেন, "আরে এত উতলা হওয়ার কি আছে? আর একটু খতিয়ে দেখতে ক্ষতি কি? তা বাবা ঘোঁতন, তোমার বাবা-মা কোথায় থাকেন? কি করেন তারা?"

"আজ্ঞে মা নেই। আমার মা আমার জন্মের পরপরই মারা যান। আমি মা-মরা ছেলে।"

"হুম। আর বাপ, মানে বাবা, অর্থাৎ পিতৃদেব?"

"বাবা তো মায়ের শোকে সুইসাইড —"

"বলো কি, সুইসাইডই করে ফেললেন?"

"প্রায় করেই ফেলেছিলেন, কিন্তু শেষটায় এক পাড়াতুতো অল্পবয়েসী বিধবা মাসি বাবাকে উদ্ধার করলেন। সেই থেকে বাবা সেই মাসিকে নিয়েই থাকেন । আমার খোঁজ পাত্তা নেন না।"

টেঁপির মা মনে মনে ভাবলেন, "যা ভেবেছি, একেবারে চাল-চুলোহীন বখাটে বাউন্ডুলে।"

"বাঃ তাহলে তো তোমার পিছুটান কিছুই নেই, কি বলো?" গজাননবাবুকে বেশ খুশি খুশি দেখায় ।

"আগুপিছু কোনো টানই নেই স্যার।"

"পিছুটান না থাকলে ক্ষতি নেই তবে আগুটান একটা দরকার।"

"লেখাপড়া ?" টেঁপির মা জানতে চাইলেন।

"আজ্ঞে মাধ্যমিক ফেল।" ঘোঁতন সগর্বে জানালো।

টেঁপির মা মুখ বেঁকিয়ে বলেন, "বাঃ। একেবারে বিদ্যের জাহাজ।"

গজাননবাবু কিন্তু দৃশ্যতই বেশ উল্লসিত, "বল কি হে, মাধ্যমিক ফেল? এ যে মেঘ না চাইতেই জল!"

"মানে? শেষটায় অশিক্ষিত পাত্রে মেয়ের বিয়ে? পাগল নাকি? "

"আরে রাখো তোমার শিক্ষিত অশিক্ষিত। মাধ্যমিক ফেল! ভাবা যায়? পাবে এ তল্লাটে এক পিস্ মাধ্যমিক ফেল স্যাম্পেল? আজকাল তো কেউ ফেলই করে না। খুঁজেই পাবে না!! সত্যি বাবা ঘোঁতন তোমার এলেম আছে।"

ঘোঁতন লজ্জিত মুখে জানালো, "মাধ্যমিক ফেল করে আমি আর পড়াশুনায় এগোতে পারিনি।"

গজাননবাবু হা হা করে হেসে উঠলেন, "কজন পারে মাধ্যমিকে ফেল করতে? ফেল করা এতই সহজ? কত চেষ্টা করেছি, কিন্তু আমি কি পেরেছি জীবনে একবারও ফেল করতে? শেষটায় যখন পিএইচডি করে ডক্টর হয়ে গেলাম, তখন বুঝলাম যে আমার দ্বারা আর এ জীবনে ফেল করা হবে না। বাধ্য হয়ে এই ব্যোমভোলা চুল্লুর ঠেক বসিয়ে টু-পাইস কামিয়ে নিচ্ছি। তা ভোলেবাবার কৃপায় ঠেক তো চলছে রমরমিয়ে কিন্তু আমি চোখ বুঁজলে কে দেখবে বলতো এই সব?"

ঘোঁতন চোখ গোল গোল করে বলল, "বলেন কি স্যার, আপনি ডক্টরেট?"

"না তো কি? থিসিসের টাইটেল শুনবে? "উত্তর-ঔপনিবেশিক আর্থ-সামাজিক প্রেক্ষাপটে গ্রাম-বাংলার লোকসংস্কৃতিতে বিড়ির গুরুত্ব"।

"ওরে বাবা!" ঘোঁতন খাবি খায়।

টেঁপির মা দাঁত কিড়মিড় করে বললেন, "এই তোমরা থামবে? আমি বলছি এক্ষুনি এই চাল-চুলোহীন অশিক্ষিত বদমাসটাকে ঘর থেকে বের করে দাও। কস্মিনকালেও ওর হাতে আমি মেয়েকে দেবো না।"

টেঁপি আর চুপ করে থাকতে পারলো না, "দেবে না? আচ্ছা বেশ, তাহলে কার হাতে দিতে চাও আমাকে?"

"কেন? দেশে কি শিক্ষিত ভদ্র ডাক্তার ইঞ্জিনিয়ার সরকারি অফিসার পাত্রের অভাব আছে নাকি? এমন সুন্দর মেয়ে আমার …" আবেগে গজাননগিন্নির কণ্ঠরুদ্ধ হয়ে আসে।

গজানন এবার তেলেবেগুনে জ্বলে উঠলেন, "নিকুচি করেছে তোমার শিক্ষিত ভদ্র ডাক্তার ইঞ্জিনিয়ার সরকারি অফিসার সুপাত্রের। ওসব তো আজকাল ঘাটেপথে গড়াগড়ি যাচ্ছে। বলি আমার এত কষ্টের ব্যোমভোলা চুল্লুর ঠেকটা কে দেখবে শুনি?" তারপর ঘোঁতনের দিকে ফিরে গদগদ স্বরে জানালে, "বাবা ঘোঁতন! তোমাকেই খুঁজছিলাম বাপধন। ভোলেবাবাই তোমাকে মিলিয়ে দিয়েছেন। তুমি অবিলম্বে টেঁপিকে বিবাহ করে আমার ব্যোমভোলা চুল্লুর দোকানটার হাল ধরো। বয়স হয়েছে, ব্যবসা আর কন্যা দুইই তোমার জিম্মায় রেখে আমি এবার নিশ্চিন্তে ধম্মেকম্মে মন দিই।"

টেঁপির বাবার এহেন বক্তব্যে প্রবল রেগে টেঁপির মা খ্যাপার মতন হাত-পা ছুঁড়তে লাগলেন, "খামোশ! আমি বলছি এ বিয়ে হবে না, হবে না, হবে না। আমি কিছুতেই হতে দেব না। যদি তোমরা আমার অমতে আমার মেয়ের বিয়ে দেবার চেষ্টা করো তাহলে আমি সুইসাইড-নোটে সব্বাইকে ফাঁসিয়ে নিজে গলায় দড়ি দেব।"

টেঁপি তড়াক করে লাফিয়ে উঠল, "কি? এতবড় কথা? আমিও বলছি, ঘোঁতনের সাথেই আমার বিয়ে হবে। হবে। হবে। হবেই। কেউ রুখতে পারবে না। বাগড়া দেবার চেষ্টা করলে আমি বাড়ী ছেড়ে বেরিয়ে যাবো।"

গজাননবাবু দিশেহারা হয়ে দুজনকে থামাবার চেষ্টা করেন, "কি মুশকিল! শান্ত হ তোরা, দয়া করে শান্ত হ।"

কিন্তু কে কার কথা শোনে? টেঁপির মা অগ্নিশর্মা হয়ে চিৎকার করতে থাকেন, "পোড়ারমুখী মুখপুড়ি! বংশের মুখে চুনকালি মাখাতে চাস তুই?"

টেঁপি দাঁত খিঁচিয়ে বললে, "তাই নাকি? আর নিজে যে বাড়ি থেকে পালিয়ে বাবাকে ফুঁসলে ঘরছাড়া করে কালীঘাটে নিয়ে গিয়ে বিয়ে করেছিলে তার বেলা?"

রাগে, দুঃখে, অপমানে, বেদনায় গজাননগিন্নি তোতলাতে শুরু করলেন, "তুই - তুই - উঃ ভগবান এই মেয়েকে আমি পেটে ধরেছিলাম ওঃ হো হো …" বলতে বলতে তিনি বুকে হাত দিয়ে কাঁপতে কাঁপতে তক্তপোশের শুয়ে পড়লেন।

গজাননবাবু ব্যস্ত হয়ে লাফাতে শুরু করলেন, "কি সর্বনাশ! শিগগিরই মাথায় হাওয়া কর। মুখে জলের ঝাপটা দে। টেঁপি মা, দৌড়ে প্রেশার মাপার যন্তরটা নিয়ে আয় তো!!"

(৭)

ঘরের মধ্যে একটা হুলস্থুল বেঁধে গেল। টেঁপি পড়িমরি করে ব্লাড প্রেসার মাপার যন্ত্র আনতে ছুটে বেরিয়ে যায়। ঘোঁতন তক্তপোশের তলা থেকে একটা পুরনো খবরের কাগজ কুড়িয়ে গজাননগিন্নির মাথায় হাওয়া করতে থাকে। গজাননবাবু জোরে জোরে ইষ্টনাম জপ করতে করতে ঘরের মধ্যেই দৌড়াদৌড়ি শুরু করে দিলেন। টেঁপি ব্লাড প্রেসার মাপার যন্ত্র এনে মায়ের রক্তচাপ মাপতে লাগল। সমবেত প্রচেষ্টায় একটু পরে টেঁপি মার চোখ পিটপিট করে উঠল।

ঘোঁতন উদ্বিগ্নভাবে প্রশ্ন করল, "এবার কি একটু ভালো লাগছে মা?"

"মা!" গজাননগিন্নি অবাক হয়ে চোখ খুলে ইতিউতি তাকিয়ে বললেন, "মা বলে কে ডাকে?"

"আমি ডেকেছি। এখন কি একটু সুস্থ বোধ করছেন?" ঘোঁতন বলে।

"সত্যি সত্যি মা ডেকেছো?"

"সত্যি সত্যি না তো কি মিথ্যে মিথ্যে?"

টেঁপি মা'র চোখে জল চলে এলো। গত বিশ বছর একটা ছেলের জন্য ঠাকুরের কাছে অনেক কেঁদেছেন। তবে কি এতদিন বাদে ঠাকুর মুখ তুলে চাইলেন? এ যে অবিশ্বাস্য সৌভাগ্য ! ভুল শোনেননি তো?

"আর একবার ডাকো তো বাবা!"

"মা!!!" ঘোঁতনের গলা আবেগে একটু কেঁপে গেলো।

"বেঁচে থাকো বাবা!"

ঘোঁতন ঢিপ করে হবু শাশুড়িকে প্রণাম করল।

গজাননগিন্নি যেন আহ্লাদে গলে যাচ্ছেন, "বাবা ঘোঁতন, তুমি আমাদের সাথেই থাকবে তো?"

ঘোঁতন মাথা চুলকে বলল, "আমার তো ঘর-দুয়ার বলে কিছু নেই, আপনি ছিচরণে ঠাঁই দিলে … "

"আঃ বাঁচালে বাবা," বেশ নিশ্চিন্ত বোধ করেন গজাননগিন্নি, "হ্যাঁ গা শুনছো? বাড়ির তিনতলাটা তুমি ওদেরকে সাজিয়ে-গুছিয়ে দিও কেমন? বেডরুমে এসি, টয়লেটে বাথটব, মেঝেতে মার্বেল - তুমি কালই লোক লাগিয়ে দাও। আর বাবাজীবনকে তোমার চুল্লুর ব্যবসার পার্টনার করে নাও শিগগিরই। ওরে টেঁপি, মুখপুড়ি, বাছাকে ঠান্ডা কিছু দে, আমাকে হাওয়া করতে করতে গরমে ঘেমে নেয়ে উঠলো যে বেচারা !"

গজাননবাবু দু-হাতের তালু উল্টে বললেন, "বোঝো!!!"

(৮)

একটু পরের দৃশ্য। একটা পাত্রের ওপর এক পিস লাড্ডু ও এক গ্লাস ঘোল সাজিয়ে টেঁপি ঘোঁতনের সামনে দাঁড়িয়ে বলছে, "এই নাও, ধরো।" পাশেই গজাননদম্পতি হাসি হাসি মুখে তাকিয়ে আছেন।

ঘোঁতন দুই আঙুলে লাড্ডুটা ধরে চোখের সামনে এনে বলল, "এ কী?"

টেঁপি বলল, "কি আবার? লাড্ডু। খাও।"

গজানন হেসে জানালেন, "যো খায়েগা ও ভি পস্তায়েগা, যো নেহি খায়েগা ও ভি পস্তায়েগা।" ,

ঘোলের গ্লাস দেখিয়ে ঘোঁতন শুধালো, "আর এটা?"

"এটা হল ঘোল।" মুচকি হেসে টেঁপি অকপটে বলে।

"ঘোল!!"

টেঁপির মা উৎসাহ দিলেন, "ঘোল খাও, মাথা ঠান্ডা থাকবে।"

টেঁপি বলল, "না খেতে চাইলে মাথায় ঢেলে দোব।"

"ঘোল তো খেতেই হবে বাছাধন। বিয়ে করবে অথচ ঘোল খাবে না - তা কি হয়?" গজাননবাবু কান-এঁটো-করা হাসি হাসলেন।

ঘোঁতন প্রথমে টেঁপির মা, তারপর টেঁপির বাপ ও পরিশেষে টেঁপির মুখের দিকে তাকিয়ে শেষটায় নীরবে সুবোধ বালকের মত চোঁ-চোঁ করে পুরো ঘোলটা খেয়ে নিলো।

***সমাপ্ত***

# ক্ষণিকের তরে চাকরের ভূমিকায়

**নিতাই কুমার সরকার, কর্মী**

তুমি মানুষতো বটে, ভদ্র, তাও রটে, পশুতো নয়ই, হিংস্রও নয়।
তুমি যে শিক্ষিত, জ্ঞানীজন দীক্ষিত, তোমাকে ক্যানো করিবে ভয়।

না, ভয়ের কারন আছে, পোনা খায় বড় মাছে, বাঁশের চেয়ে কঞ্চি বড় শক্ত!
লাগা-লাগি গালা-গালি, মন্ত্রনার ঠেলাঠেলি,
হেন উপকার করে কোনো ভক্ত।

সৎকাজে বাঁধা বেশী, ধৈর্য্য ধরে খাটাও পেশী, মেওয়া ফলে সবুরে।
গুনে গুনে ফেল পা, শুভ কাজে ছুটে যা,
হিসাব করে কথা কও, মন-রে।

শাকরেদি-কানাকানি, ক্ষতি করার চুলকানি, শাস্ত্রে পাওয়া যায়।
ভালো নয়, মন্দ চায়, সুযোগ পেলেই উপরি খায়, বেশী কথা বলে ইশারায়।

প্রমাণ গুমের ফলে, নির্দোষীরা চরছে শূলে, প্রকৃত সাধুর কি হবে উপায়।
আইনের ফাঁক গলে, মহাপাপী, মহা হালে,
আশীষ পেয়েছে গুরু-কৃপায়।

মোড়ল কহিলেন শোনো, ওটাকে ধরিয়া আনো, ব্যাটা- কত বাড় বেড়েছে।
তোষামদকারী, চাকরের দল ভারী, বিনা দোষে, বাঁধিয়া আনিবে পাছে।

স্বজন পোষণ, ঘুষ, অপহরণ, চৌদিকে নেশা-জুয়া, ওরে বাবা!
ক্ষমতার অপব্যবহার, কত চাটুকার, সরলে চলিবো- না যায় ভাবা।

কূটনীতির ফিস-ফিসানি, ক্ষতি করার চুলকানি, শাস্ত্র মাঝে পাই।
খবরদারী, কচ্-কচানী, সাহেব-বিবির চোখ-রাঙানি, সমাধা তার নাই।

ধমকে কাজ ততটা নয়, আপোষে অধিক হয়, মনিব যদি ভালবাসে।
কানী-বক নদী তীরে, ওৎ পেতে মাছ ধরে,
মাছরাঙা মৃদু হাসে ডালে বসে।

আঁধার থাকায় আলোর কদর, অমৃতে হয়েছে অমর, মরণ রয়েছে বিষে।
ভাল যে ভালই রবে, ভাল যদি না থাকিতো তবে, মন্দের বিচার হতো বা কিসে।

কত ক্ষেত-নদী-বনানী, পাহাড়, ফল-ফুল-প্রাণী, নিমেষে লন্ডভন্ড হয় সব।
যুদ্ধ-বন্যা-খরা-ঘূর্ণী, ডেঙ্গু-করোনা, উত্তাল চূর্ণী, ভূমিকম্প আরও কত তাণ্ডব।

সাদা-কালো-রাঙ্গা, বৈষম্য আর জাতি-দাঙ্গা, আছে ধর্ম-বিদ্বেষ,
নাভিশ্বাস ভয়ে অবলারা, লম্পট-ভন্ড যারা,
ধরেছে শেষে সাধুর বেশ।

কত হাবা-গোবা টাকা দিল, সহজেই চাকরি নিলো, বা-বা-বা! একি হায়!
চোষে আঙুল পন্ডিত জনে, প্রায় গেলো-গেলো প্রাণে, অনশনে ধর্ণায়।

গন্ডার-চামড়া গায়েতে, নেই পশম চোখেতে, ধান্দায় দিন কাটে।
লাজে মরে এক কানী, কাটা যার দুই কান-ই, সামনে দিয়ে সে হাটে।

বসে ভাবে বাঘা-ভাই, তাঁর উপরে কেহ নাই ,
সিংহের তলব যদি না আসে।
মৃদু স্বরে ডাকে কুমির, এসো বন্ধু খাও ক্ষির, গন্ডার দুষ্টু ভঙ্গিতে কাশে।

মুচ্-কে হাসে বাঁদরে, চাম্চিকা লাথি মারে, খাটাশের খেক্সি।
ধুর্ত-শৃগাল, হায়নায়, গোদা-হনু ভয় পায়, দাঁতে দিয়ে ভেক্সি।

পানকৌরি মনে করে, ডুব দিয়ে মাছ ধরে, তাঁকে দেখেনিতো কেহ?
আছে শকুনের দৃষ্টি, গাঙ্-চিল বিধাতার সৃষ্টি, ছো-মেরে নিল গোটা দেহ।

ছা ফোটায় দাঁড়কাক, কোকিল শুয়ে ডাকে নাক, বসন্তের গান গায়।
ঝিঝিপোকায় বাজায় বাঁশী, নেংটি ইঁদুর হয় উদাসী, উল্লুকে লেঙ্গুর নাচায়।

বিশ্ব-রূপ মঞ্চে দেখি, কৌতুহলে বসে লেখি, নাটক খুবই গ্যাছে জমে।
রাজা কিবা প্রজা সে, নাটক শেষে প্রস্থান আসে, সকল প্রাণীর এক নিয়মে।

আপন বেগে আপনি মরি লালনসাইজি ছন্দে ধরি, গায় বাউলে জগৎময়।
জ্ঞানী-যোগী ভাবুক যারা, দিব্যচোখে দেখেন তারা, কোন ভুমিকায়, কার অভিনয়। ।

মনের সাথে কথা কই, যখন বসে একলা রই, অনেক লেখা রইলো বাকি।
আপনারে মেলাও দেখি, বিনীত এক আর্জি রাখি, কোনোটির সাথে মেলে নাকি?

বিশ্ব-মঞ্চ যারই গড়া, শিল্প তার হৃদয় ভরা, তিনিই নাট্যকার, নির্দেশনায়।
কে কোন ভূমিকা পাবে, তাও তিনিই ভাবে, উনিই রূপকার, রূপ-সজ্জায় ।

নিতাই চাহিরে খুশিতে, তাহারে বাহবা দিতে, এ্যাত স্পর্ধা! মনে নাহি সায়।
এত বড় মঞ্চে অভিনয় করে, ক্ষণিকের তরে চাকরের ভূমিকায়।



# চলো যাই ছেলেবেলা

**দীপক গুপ্ত, কর্মী**

অনেকদিন ধরেই একটা পরিকল্পনা মাথায় ঘুরপাক খাচ্ছিল। সেটা আর কিছুই না, সেই ছোটবেলার জগৎ থেকে একটু ঘুরে আসা। বয়স যখন ছয় কি সাত তখন বাবার কর্মসূত্রে নদীয়া জেলার ফুলিয়াতে বছর দেড়েকের জন্য কাটানোর সৌভাগ্য হয়েছিল। সালটা সম্ভবত ১৯৭১-১৯৭৩ র মাঝামাঝি হবে. বলতে গেলে শৈশব অবস্থার একটা অধ্যায় ঐ ফুলিয়া নামক ছোট্ট জনপদে থেকে মেঠো গন্ধের আবহে একটু একটু করে বেড়ে ওঠা। ছোট্ট গ্রাম হলেও, ইতিহাসের পাতায় এর নাম জ্বলজ্বল করছে, কারণ এই গ্রামেই কবি কৃত্তিবাসের জন্মস্থান। শুধু মাত্র এটাই সব নয়, এই গ্রামের পরিচিতি 'তাঁতের শাড়ি' যা বিশ্ববিখ্যাত। এ হেনো ফুলিয়ায় থাকাকালীন সেই শৈশবের একটু দুষ্টু মিষ্টি কথা না শুনলেই নয়, তাই এই অবতারণা।

ঠিক ফুলিয়া স্টেশন সংলগ্ন একটি বাড়িতে আমরা ভাড়া থাকতাম। কাছাকাছি বাজার, স্কুল ইত্যাদি। বাড়ির পাশেই ছিল এক বিশালাকার মাঠ। আশেপাশে বিক্ষিপ্তভাবে কিছু বাড়ি আছে। তবে আমাদের বাড়িটি ' ভৌমিক বাড়ি ' হিসাবে খ্যাত ছিলো কারণ ঐ বাড়ির মালিক ছিলেন রাজেন্দ্রনাথ ভৌমিক যিনি ফুলিয়া শিক্ষানিকেতন স্কুলের প্রধান শিক্ষক ছিলেন। যদিও আমরা ওনাকে পাই নি। উনি আমাদের যাওয়ার আগেই গত হয়েছিলেন। ওনার স্ত্রী তার ছোট ছেলেকে নিয়ে থাকতেন। ছেলে অরুন ভৌমিক , আমাদের প্রিয় অরুণদা।

বাড়ির কাছাকাছি বসাক পাড়া , মানে তাঁতি পাড়া। সেটা পার হয়ে আমাদের সরকারি প্রাথমিক বিদ্যালয়। ওখানে ভর্তি হলাম তৃতীয় শ্রেণীতে বছরের মাঝখানে বেশ কিছু বন্ধু যোগাড় হোলো। বাড়ির পাশের ঐ মাঠ পেরিয়ে বন্ধুরা সবাই হাতে বইখাতা নিয়ে স্কুলে যেতাম। যখন বর্ষাকাল আসতো , আমরা প্রমাদ গুনতাম আবার খুশিও হতাম এই ভেবে কখন মাঠের কাদাজলের মধ্যে দিয়ে লাফাতে লাফাতে যাব। সেটা ছিল এক অনাবিল আনন্দ।

তাঁতি পাড়াতে গিয়ে তাঁত চালানো দেখা এক অন্যরকম অভিজ্ঞতা। একটি লোক যন্ত্রটিকে সামনে রেখে মাঝখানে বসত। তার দুই হাত এবং দুই পা সমানভাবে সচল। হাতে ধরা থাকতো একটি পটোলের মতো দেখতে কাষ্ঠ নির্মিত বস্তু যার নাম মাকু। পায়ের দিকে প্যাডেল। পুরো যন্ত্রজুড়ে বিভিন্ন রঙের সুতো পরপর মিশ খেয়ে চলেছে। সঙ্গে ঠিক ঠিক শব্দ। এইভাবে এই শিল্পীরা এক অসাধারণ বস্ত্রের রূপ ফুটিয়ে তোলেন।

দেখতে দেখতে চলে এলো আশ্বিন মাস, মানে পুজোর মাস। নতুন জামা, নতুন প্যান্ট। কিন্তু তার থেকেও সেটা মজার বিষয় সেটা হলো প্রতিমা গড়া দেখা। স্কুলের যাতায়াত পথে একটি বেশ বড় বারান্দাওয়ালা বাড়ি ছিল। ঐ বারান্দাতে শিল্পীর হাতের ছোয়াঁয় একটু একটু করে প্রতিমা নির্মিত হতো। বারান্দায় যেদিন প্রথম কাঠামো তৈরি হতো সেদিন থেকে নিয়ে খড় বাঁধা, একমাটি , দো মাটি দিতে দিতে প্রতিমা গড়ে উঠতো। যেদিন প্রতিমার গায়ে গর্জন তেলের প্রলেপ পড়তো , সেদিন আমরা দেখতাম, কেমন করে সেই প্রতিমা ধীরে ধীরে জীবন্ত হয়ে উঠতো।

কি ভাবে তারপর পুজোর ক'টা দিন কেটে যেত ভাববার অবকাশ ছিল না সেই সময় সবচেয়ে আকর্ষণীয় ছিল একাদশীর দিন ভোরবেলা। আসলে দশমীর দিন দুপুর থেকেই ফুলিয়ার সমস্ত দূর্গা প্রতিমা এক জায়গায় একটি মাঠে জড়ো হতো। সেদিন ছোটোখাটো মেলাও বসতো। এক জাগায় অনেক প্রতিমা দর্শনের উদ্দেশ্যে বহু মানুষ আসতো। অনেকেই এটা ওটা কিনতো। বেচা কেনাতে কিছু পয়সা মাঠে পড়ে থাকতো। আমরা তাই পরের দিন অর্থাৎ একাদশীর দিন ভোরবেলায় ঐখানে চলে যেতাম পয়সা কুড়াতে। সে ছিল এক অপার আনন্দ। হয়তো কেউ পেলো দু পয়সা, তো কেউ পাঁচ বা দশ পয়সা ইত্যাদি। সেগুলো সব একত্র করে দেখতাম কত পয়সা হলো। সেই দিয়ে কি খাওয়া যেতে পারে সেই নিয়ে চলতো গবেষণা।

এর পরের পালা লক্ষী পূজো। প্রত্যেক বাড়িতেই সেই পুজো উপলক্ষে নাড়ু বানানো ছিল এক অপরূপ কলা। কি ভাবে যে একটা আস্ত নারকেল ছোট ছোট গোলাকার হয়ে 'নাড়ু' আকারে পরিণত হতো সেটা দেখে বিস্মিত হতাম। ঘরে বসে মা ঠাকুমারা যে মিষ্টান্ন তৈরী করতেন তা রসনা ভরিয়ে দিত। যেটা বলছিলাম যে লক্ষীপূজোর পরের দিন আমাদের একটা ৭/৮ জনের দল তৈরী হতো। একটা বড়ো ধামা কোলে করে আমরা ঘুরে ঘুরে অনেক বাড়িতে হানা দিতাম। "লক্ষীপূজোর প্রসাদ দাও গো, বাড়িতে পোলারা আইছে" এই বলে হাঁক পারতাম। মা,

ঠাকুমা , দিদিমা, সবাই প্রসন্নচিত্তে তা পরিবেশন করার জন্য উন্মুখ হয়ে থাকতেন। প্রায় এক ধামা মুড়ি, খৈ বাতাস, নাড়ু, কদমা ইত্যাদি সংগ্রহের তালিকাতে থাকতো। তারপর এক জায়গায় বসে সকলে পেটে চালান করে দিতাম। অনির্বচনীয় আনন্দে সবাই মেতে উঠতাম।

একটা ঘটনার কথা না বললে অপূর্ণ থেকে যাবে। সেটা চতুর্থ শ্রেণীর বৃত্তি পরীক্ষার ঘটনা। তখন বৃত্তি পরীক্ষার যথেষ্ট গুরুত্ব ছিল। একটা আস্ত 'ছাত্রবন্ধু' অভ্যাস করতে হতো। এখন যেমন মাধ্যমিক পরীক্ষার আগে টেস্ট পেপার সেই রকম. ফুলিয়া হাই স্কুলে আমাদের পরীক্ষা কেন্দ্র নির্ধারিত হয়েছিল। আমারি সহপাঠী দীপঙ্কর, ওদের বাড়িতে আমার অবাধ যাতায়াত ছিল। ওর মা, মানে আমার কাকিমা আমাকে নিজের ছেলের থেকেও বেশি স্নেহ করতেন। কাকিমা আমার পড়াশোনার প্রতি আগ্রহ আবিষ্কার করেন আর সেই থেকে আমাকে পড়িয়েই ছাড়তেন। এহেন কাকিমা, অঙ্ক পরীক্ষার দিন পরীক্ষা কেন্দ্রে উপস্থিত। তখন বৃত্তি পরীক্ষায় অবশ্যই পিতা পুত্রের বয়স নিয়ে একটি অঙ্ক থাকবেই থাকবে। এটা আমাকে খুব বিড়ম্বনায় ফেলতো। কে যে কার বড় আর বয়েসের কত ব্যবধান তা সমাধান করে আমার পক্ষে দুঃসাধ্য হয়ে দাঁড়াতো। যথারীতি পরীক্ষা দিয়ে খাতা জমা দিয়ে পরীক্ষা সম্পূর্ণ হওয়ার আগেই বেরিয়েছি, আর এসেই কাকিমার হাতে ধরা পরে গেলাম। এবার কাকিমার কাছে পরীক্ষা দেওয়ার পালা। একটার পর একটা জিজ্ঞেস করে চলেছেন। আমিও উত্তর দিচ্ছি। কিন্তু পিতা পুত্রের অঙ্ক কষতে গিয়ে আমি কোথাও একটা যোগ দিতে ভুলে গিয়েছি। এটা উনি বলতেই আমি সঙ্গে সঙ্গে আবার ক্লাসে ঢুকে মাস্টার মশাই কে বললাম আমার খাতাটা দিতে যাতে সেই অঙ্কটা আমি আবার ঠিক করি। কি সাংঘাতিক ! আমি প্রত্যাখ্যাত হয়ে কাকিমার কাছে কাচুমাচু করে নিজের অপরাধ বোধ প্রদর্শন করলাম। তবে বৃত্তি পরীক্ষার ফল যখন বেরোলো তখন তা আমাকে বেশ উজ্জীবিত করেছিল।

সময়ের স্রোত বেয়ে পরিণত বয়সে বছর দুয়েক আগে হটাৎ ভাবলাম যাই একটু ছোটবেলাটা দেখে আসি। যে কারণে এতো কিছু বলার অবতারণা। দিনটা ছিল সরস্বতী পুজোর আগে দিন। ফেব্রুয়ারি মাস। শীত তখন বিদ্যমান। সকাল বেলাতে সামান্য কিছু খেয়ে বিধাননগর স্টেশন থেকে সকাল ৭টা ১০ মিনিটের শান্তিপুর লোকালে উঠে বসলাম।প্রায় ঘন্টা আড়াই পরে ফুলিয়াতে নামলাম। স্টেশনটা দেখেই চমকে গেলাম। আকারে তার চেহারার বাড় বাড়ন্ত। তখন এক প্রান্তেই স্টেশন ছিল। বর্তমানে দুইপ্রান্তে প্ল্যাটফর্ম হয়েছে। ট্রেন থেকে নেমে প্রথমে স্টেশনটি আগে ভালো করে চেখে নিলাম। চোখ দুটো খুঁজে বেড়াতে লাগলো সেই প্রেক্ষাগৃহ যেখানে আমাদের স্কুল থেকে নিয়ে গেছিল 'বিদ্যাসাগর ' ছবিটি দেখানোর জন্য। তখন এই জনপদে প্রথম প্রেক্ষাগৃহ তৈরী হয় যার বসার জন্য চেয়ারের বদলে বাঁশ দিয়ে তৈরী করা বেঞ্চ বানানো হয়েছিল। এতদিন পরে তার চেহারাও নিশ্চই আধুনিক হবে। চোখ দুটো ঘুরতে ঘুরতে ঠিক জায়গায় আটকে গেলো। দেখলাম সে মাথা তুলে জানান দিচ্ছে ' এই তো আমি এখানে' আছি।

এরপর স্টেশন থেকে বেরিয়ে যে বাড়িতে ভাড়া থাকতাম সেখানে গিয়ে লজ্জার মাথা খেয়ে সাহসে করে বাড়ির লোককে জিজ্ঞেস করলাম এটা অরুণদার বাড়ি মানে অরুন ভৌমিক ? প্রত্তুত্তরে আমার অনুমান যে সঠিক তাকে সমর্থন জানালেন। নিজের পরিচয় দিতেই আমাকে ভিতরে বসবার আমন্ত্রণ জানালেন। অরুণদা বাড়িতে নেই, সে বীরনগর স্কুলের শিক্ষক। সেখান থেকে তার সেদিন আস্তে দেরি হবে।

এই অরুন ভৌমিক, আমাদের অরুণদা সে সময়ে আমাদের সঙ্গে বন্ধুর মতো আচরণ করতো। মনে পরে, ঝুলনযাত্রার সময় তার কৃষ্ণনগর থেকে ঝুড়ি করে পুতুল আনার কথা, যেগুলো দিয়ে ঝুলন সাজাতো। অসম্ভব ভালো ক্রিকেট খেলতো। তার খেলা দেখে আমরা বড় হয়েছি। বৌদিকে জিজ্ঞেস করলাম আমার প্রাথমিক স্কুলের কথা। সেখানে কিভাবে যাবো বলতেই উনি পথ নির্দেশ দিয়ে দিলেন। সেখানে কিভাবে যাবো বলতেই উনি পথ নির্দেশ দিয়ে দিলেন। একটা টোটো নিয়ে নিলাম কয়েকটি জায়গার যাওয়ার জন্য।

সময়ের সাথে সাথে আমার ছোট্টবেলার সেই ফুলিয়াও কিন্তু কলেবরে বৃদ্ধি পেয়েছে। রাস্তাঘাট থেকে শুরু করে বেশ কিছু ব্যাংক, আধুনিক ভাবে সজ্জিত নানা ধরণের দোকান গ্রামটিকে একটি ছোটোখাটো শহরে পরিণত করেছে।

এরপর সেই টোটো নিয়ে নব কলেবরে সজ্জিত শহর পরিক্রমা করার পালা। প্রথমেই সেই স্কুলে উপস্থিত। সেখানে গিয়ে দেখি এক শিক্ষিকার তত্বাবধানে ছাত্রছাত্রীরা সরস্বতী পূজার প্রস্তুতি উপলক্ষে সাজাচ্ছে। শিক্ষিকাকে প্রশ্ন করলাম 'এটাই কি সেই স্কুল?' কারণ এখানেও অনেক পরিবর্তন। উত্তরে উনি সম্মতি জানালেন। পশ্চিম প্রান্তের একটা পুরানো ঘর দেখিয়ে বললেন যে ঐটুকুই বেঁচে আছে স্মৃতি হিসেবে। বাকিটা সবই নুতন। হয়তো আমি দেখব বলেই ঐটুকু দাঁড়িয়ে ছিল।

ঐ ঘরের সামনে গিয়ে তাকে স্পর্শ করে পুরোনো দিনের স্মৃতি হাতড়াবার চেষ্টা করলাম। কিছুক্ষন থাকার পর ওখান থেকে বিদায় নিয়ে চললাম কবি কৃত্তিবাসের বাসস্থান দেখতে। সেখানে গিয়ে দেখি বেশ সুন্দর একটি মন্দির নির্মিত হয়েছে। সেখান থেকে বেরিয়ে টোটোর চালক কে বললাম ভাই আমাকে একটু তাঁতি পাড়ায় নিয়ে চলো। হ্যাঁ, ভালো কথা এই অঞ্চলে টোটো কে বলে টুকটুকি। তাঁতি পাড়ায় গিয়ে এক তাঁতি শ্রমিকের সঙ্গে আলাপ করলাম। গ্রাম শহরে পরিণত হলেও মানুষগুলো কিন্তু সেই গ্রামের সারল্য বজায় রেখেছে। সেটা এই শ্রমিকের সঙ্গে কথা বলে টের পেলাম।

এবার কিন্তু মনে হচ্ছে পাকস্থলী কিছু চাইছে। তাকে তো আর বুভুক্ষু রাখতে পারি না। অতএব একটা ভালো হোটেল দেখে বসে পড়লাম। আবদার করলাম চূর্ণী নদীর মাছ খাবো। হোটেল মালিক ঈষৎ হেসে জবাব দিলো,

"দাদা, এখন সেই চূর্ণী আর নেই। তবে লোকাল মাছ পেয়ে যাবেন।"


"বেশ তাই হোক"

"মৌরলা, পার্শে ইত্যাদি আছে, চলবে?"

"হ্যাঁ, অবশ্যই।"

মাছে ভাতে বাঙালির আর কি চাই? বেশ তৃপ্তির খাওয়া খেয়ে একটা ঢেকুর তুলে হোটেল ছাড়লাম। আপাতত ফুলিয়াকে বিদায় জানবার পালা। বিকেল পাঁচটা বারোর ডাউন শিয়ালদা ধরে বাড়ি ফিরে এলাম। পিছনে পড়ে রইলো আধুনিক ফুলিয়া।






Dawn at Lachen Village (photograph by Shri Prasanta Paul, Staff)

# ঘুরে এলাম হারশিল

**প্রশান্ত পাল, কর্মী**

আমরা বন্ধুরা মিলে এবার পুজোর ছুটি তে ঘুরতে যাছি উত্তরাখণ্ডরে হারশিলে। হারশিল গঙ্গোত্রির যাবার পথে ২৫কিমি আগে। এখানে আসার আগে হারশিলের উপর youtube blog video গুলো দেখে হারশিলের প্রেমে পরে গেলাম। তারপর নিজের চোখে এখানকার প্রাকৃতিক রূপ দেখে মনে হয়েছিল youtube bolg video এর বর্ণনা থেকে তা শত গুন বেশি। নদী, পাহাড়, আপেলবাগান আর চারদিকের অপরূপ প্রাকৃতিক সৌন্দর্য আমাদের মোহিত করেছিল।

কোলকাতা থেকে নবমী দুপুরে Sealdha station থেকে রওনা হয়ে দিল্লির বসন্তবিহার ষ্টেশনে পৌঁছলাম পরদিন সকাল আটটা নাগাদ। ষ্টেশনের বাইরে গাড়ি অপেক্ষা করছিল। দিল্লি থেকে হরিদ্বারের দূরত্ব প্রায় ২৪৪ কিমি। সময় লাগবে সারে চার ঘন্টার মত। মসৃণ রাস্তা দিয়ে হুরহুর করে গাড়ি ছুটছে হরিদ্বারের দিকে। রাস্তায় পড়ল কিছু নাম জানা শহর। মিরাট, মুজাফারনগর, রুরকি ।মাঝে এক জায়গায় জালখাবার খেয়ে দুপুর দুপুর পৌঁছলাম হারিদ্বারের হোটেল কৃষ্ণাজি তে। জায়গাটা হারিদ্বার রেল ষ্টেশনের সামনে। চিত্রা টকিজ এর গলিতে। অপ্রশস্ত গলির দুপাশে পর পর হোটেল। চারদিকে প্রচুর লোকজনের ভিড়।

হোটেলে একটু বিশ্রাম নিয়ে বেরিয়ে পরলাম দুপুরের খাওয়া সারতে। হরিদ্বারে এই পুন্যভুমি এখন চারধাম তীর্থ যাত্রির ভিড়ে ভারাক্রান্ত। ভারতের বিভিন্ন প্রান্তের শত শত মানুষের সমাগম। এ যেন মিনি ভারত।

হরকিপুরি ঘাটে যাবার পথে পড়লো অনেক রকমের খাবারের দোকান। এখানে এসে বাঙ্গালিরা প্রথমেই দাদাবউদির হোটেল খোঁজে। পেলাম ও, কিন্তু একই নামে চার পাঁচ টা দাদাবউদির হোটেলে। কোনটা যে আসল চেনা অসম্ভব। রাস্তায় এক বাঙালি ভদ্রলোক আমাদের ধাঁধার সমাধান করলেন। আদি দাদাবউদির হোটেলে বিগত কুড়ি বছর ধরে ওনার যাতায়ত। অভিজ্ঞতার সম্মান দিয়ে ওনার দেখানো আদি দাদাবউদি হোটেলে ঢুকলাম। ভীষন মাঝারি মানের খাবার। প্রত্যাশা পূরণ হল না।

খাওয়া শেষে হেঁটে পৌছালাম হরকিপুরি ঘাটে, সন্ধ্যা আরতি দেখব বলে। ব্রিজ পার হয়ে নদীর এপারে এলাম। আজ বিজয়া দশমী , এখানে যা দশেরা নামে পরিচিত। দশেরায় এখানে রাবন বধ হয়। সামনে একটা বড় মাঠ। তার চারদিকে প্রচুর লোকর সমাগম। মাইকে তারস্বরে হিন্দি গান বাজছে আর মাঝে মাঝে চলছে মেলার প্রচার । মাঠের এক দিকে প্রায় হাত তিরিশ লম্বা দশমাথাওলা রাবন সঙ্গে বিভীষণকে নিয়ে দাড়িয়ে আছে বধের অপেক্ষায়। রাবন বধ হতে দেরি আছে, যা হবে গঙ্গা আরতির পর। তাই এখান থেকে বেরিয়ে গিয়ে বসলাম হরকিপুরি ঘাটে, সন্ধ্যা আরতি দেখব বলে। লোক মুখে শুনলাম, প্রতিবছর দশমীর পরের দিন থেকে দীপাবলি পর্যন্ত নদীর জল কমিয়ে চলে নদীর আবরজনা পরিষ্কার এর কাজ। সে কদিন হরকিপুরি ঘাটে সন্ধ্যা আরতি বন্ধ থাকে । তাই ঘাঁটে আজ বেশ ভিড়। খুবই অল্প সময়ের জন্য আরতি হয়। মিনিট পাঁচেক। ঘাটের ঠিক উল্টো দিকে বসতে না পারলে আরতি দেখার মজা মাটি। আমরা বসে ছিলাম দুরে, আরতির কোনাকুনি। দূর থেকে আরতি ভালো দেখা গেল না।

রাবন বধ আমাদের দেখা হলনা। তার চেয়ে আর গুরুত্বপূর্ণ কাজ কেনাকাটা। ঘাট থেকে নামতেই রাস্তার দুধারে সারি সারি দোকান। শীতের জামা কাপড়, উপহারের আর হরেক রকমের জিনিষ দিয়ে বোঝাই দোকানগুলো। ঘাট ফেরত লোকেরা ঘুরে ঘুরে কেনাকাটা করছে। আমরাও বেশ কিছু কেনাকাটা করে, হোটেলের ফেরার পথে এখানকার এক বিখ্যাত পাঞ্জাবি দোকান থেকে লস্যি খেলাম। জীবনে প্রথম এত সুস্বাদু লস্যি খেলাম। দোকানটাতে বিভিন্ন রকমের স্বাদ ও গন্ধের লস্যি সার দিয়ে সাজানো।

হোটেল ফিরে বন্ধুরা মিলে চলল জমাটি আড্ডা। রাত দশটা নাগাদ হোটেলের ছাদে উঠলাম রাতের খাবার খেতে। পুরো ছাঁদটা ফুলের গাছ দিয়ে সুন্দর করে সাজনো। ছাদ থেকে দূরে ডান দিকে দেখা যাচ্ছে মানসা পাহাড়ের গায়ে আলোর মালা। আর বাঁদিকের আকাশে ঝুলছে পূর্ণিমার চাঁদ। চারদিক স্বপ্নের পরিবেশ সৃষ্টি হয়েছে। চাঁদের আলো গায়ে মেখে চলল রাতের খাওয়া। নিরামিশের সুস্বাদু বিভিন্ন পদ।

পরদিন সকালের জলখাবার পর গাড়ি ছুটল গঙ্গোত্রীর পথে। আমরা আজ থাকবো হারশিলের ধরালি গ্রামে, যা গঙ্গোত্রী যাবার পথের উপর। গঙ্গোত্রী থেকে ২৫ কিমি আগে। হরিদ্বার থেকে গঙ্গোত্রী ২৮৮ কিমি। গুগল বলছে সময় লাগবে সাড়ে আটঘন্টা। হরিদ্বার থেকে সুমো গাড়ী তে আমাদের আটজনের ভাড়া পরল এগার হাজার টাকা। এসময় চারধাম চলছে। যাত্রী তুলনায় গাড়ির সংখ্যা কমের জন্য ভাড়া অনেক টাই বেশি।

আমরা এ গাড়িতে পেয়েছি অসাধারান এক জন ড্রাইভার কে। নাম জনি। যার কথা না বললে অসম্পূর্ণ থাকবে এ লেখা। পঞ্চাশের আশপাশ বয়েস। লম্বা পেটাই চেহারা আর গম্ভীর প্রকিতির । সারা পথে গুটি কয়েক কথা বলেছিল। কিন্তু পাহাড়ি পথে তার কি বিক্রম। কেউ তার আগে থাকবে না। সামনের গাড়ি আমাদের রাস্তা ছেড়ে দিতে বাধ্য হচ্ছে। বাঁ হাত স্টিয়ারিং আর ডান হাতের দু আঙ্গুলে দেশলাই কাঠি জ্বালিয়ে তারপর আবার ডান হাত মুঠো করে কি নিখুঁত ভাবে চলন্ত গাড়ীতে সিগারেট ধারাচ্ছে। জলন্ত কাঠিটা অদ্ভুত কায়দায় যখন জানালা দিয়ে ছুঁড়ে দিল আমাদের মনে হল এতো দক্ষিণী ছবির সেই বিখ্যাত নায়ক। পাহাড়ের সরু বাঁকে, জনি তিন চারবার আমদের গাড়িকে উল্টো পথে আসা গাড়ির মুখোমুখি করলো । আচমকা থেমে তারপর অসম্ভব দক্ষতায় আবার এগিয়ে চলল। আমরা অসহায় । অজানা বিপদের আশঙ্কায় আমরা বাকরুদ্ধ। সেকেন্ডের ভুলের মাশুল না দিতে হয়। প্রতিবাদ কে শোনে, উলটে আমাদের হাত তুলে আশ্বস্ত করে বলল "বাবা সাথ হ্যায়, কুছ নেহি হোগা"।

আসার পথে পরেছিল হৃষীকেশ, তেহারি ড্যাম, উত্তরকাশি আর কত নাম না যানা জায়গা। এই তেহারি ড্যাম দৈর্ঘ্যে ভারতের সবচেয় লম্বা আর সবচেয় বড় তাপবিদ্যুৎ কেন্দ্র। কিছু দিন আগেও গঙ্গোত্রী যাওয়ার পথ ছিল তেহারি ড্যাম কে পুরো ঘুরে। এখন নতুন পথে অত ঘুরতে হয় না। ফেরার সময়কার ড্রাইভার আমাদের না জানিয়ে পুরনো পথে ফিরিয়েছিল। ড্যামের পাশ পাশ দিয়ে অনেকটাই ঘোরা সে পথ। কিন্তু ভীষন নয়নাভিরাম।

হারিদ্বার থেকে উত্তরকাশি পর্যন্ত দু লেনের চওড়া রাস্তা। তারপর থেকে সুরু এক লেনের সরু রাস্তা। আমাদের সফর সূচিতে নেলং ভ্যালি যাবার প্ল্যান আছে।তাই উত্তরকাশি বাস স্ট্যান্ডে আমরা থামলাম । এই উত্তরকাশির এস ডি ও আফিস থেকে পাওা যায় নেলং ভ্যালিতে ঘুরতে যাবার অনুমতি পত্র। এস ডি ও অফিস খুঁজে পেতে অনেক টা সময় কেটে গেল। এস ডি ও অফিসে লাভ কিছু হলো না। এখন নেলং ভ্যালির প্রাকৃতিক আবহাওয়া খারাপ। আবহাওয়া উপযোগী হলে পারমিশান মিলবে। অনেক কষ্টে এখানকার এক জনের মোবাইল নাম্বর জোগাড় করা গেল। নেলং ভ্যালির পারমিশান্ যদি দুই দিন পরে দেয় ফোন করে জানা যাবে।

উত্তরকাশির থেকে হারশিল প্রায় ৮০কিমি। গাড়িতে সময় লাগে প্রায় তিন ঘন্টা। উত্তরকাশির পর রাস্তা খুব সরু। একদিক দিয়েই দুদিকের গাড়ির চলা চল। উত্তরকাশি থেকে প্রায় ষোল কিলোমিটার আসার পর রাস্তার উপর পরল মানেরি ড্যাম। বড় মুখের লোহার পাইপ থেকে প্রবল গর্জনে ড্যামের জল এসে পড়ছে ভাগীরথী তে। আর তা এতো জোরে, এপারে ও জলের কণা ছিটকে আসছে। জায়গাটার চার দিকে পাহাড় দিয়ে ঘেরা। চারদিকে প্রাকৃতিক দৃশ্য অপূর্ব। রাস্তার পাশে সিঁড়ি দিয়ে কয়েক ধাপ নামলে নদীর পারে বাঁধানো বসার জায়গা। অনেকে সেখানে বসে আছে। কেউ ছবি তুলছে।

এখানে আমরা অল্প কিছুক্ষণ সময় কাটালাম। গাড়ির চাকা আবার সামনের দিকে গড়ালো। প্রায় এগার ঘন্টা পর সন্ধ্যা সাড়ে সাত্টা নাগাদ আমার পৌঁছলাম হারশিল । ধারালি, বাগোরি, মুখবা আর কিছু ছোট ছোট গ্রাম নিয়ে হারশিল জেলা। আমরা থাকব ধারালি গ্রামে। ধারালির যে হোটেল আমরা থাকব তার নাম পেসিফিক হোটেল অ্যান্ড রেস্টুরেন্ট। হোটেল এর পাশ দিয়েই গঙ্গোত্রী যাবার রাস্তা। ধারালির এই হোটেল আমরা তিন রাত্রির থাকব।

গাড়ির বাইরে পা রাখতেই ঠাণ্ডা যেন কামড়ে ধরল। গাড়ির থেকে ব্যাগ পত্র নামিয়ে আমরা হোটেলের দোতালার তিনটে ঘরে পরিবার আনুযায় ঢুকে পরলাম। বারান্দার এক পাশে দিয়ে পাশাপাশি সব ঘর। বারান্দার সামনে লোহার রেলিং।ঘরে ঢোকার দরজার বাঁ দিকে বাথরুম। দুটো খাট দু দিকে পাতা। একটা বড় আর একটা ছোট। বেশ পরিষ্কার পরিচ্ছন।

একটু ফ্রেশ হয়ে বারান্দায় এলাম ছোট্ট পাহারি জনপদের চারদিক তখন শুনশান। বারান্দার সামনে তাকালে মিশকালো অন্ধকার। দূরে সামনের পাহাড়ে কয়েকটা বাড়িতে টিম টিম করে আলো জ্বলছে।

চারধামের কিছু তীর্থ যাত্রী এক রাতের জন্য এই হোটেলে উঠেছে। অনুমানের বেশি লোক আসায় হোটেলের ছেলেগুলো সামলে উঠতে পারছেনা। তার হাতে নাতে ফল পেলাম খাবার টেবিল। আমাদের জন্য তৈরী খাবারের একটা মেনু হোটেলের অন্য কোন বোর্ডার মেরে দিয়েছে।

পরের দিন ভোরে ঘুম থেকে উঠে বারান্দায় এসে দাঁড়ালাম। চারদিকের প্রাকিতিক সৌন্দর্য দেখে চোখ জুড়িরে গেল। সামনের তিন দিক পাহাড় দিয়ে ঘেরা। বাঁদিকের পাহাড়ের চূড়ায় বরফ পড়েছে । সূর্যের আলোর ছটা তার উপর পরে নয়নাভিরাম রূপ নিয়েছে। আমার একদম সামনে দিকে দূরে পাঁচিলের মত দাঁড়িয়ে থাকা পাহাড়টার নিচ দিয়ে বয়ে চলেছে ভাগীরথী। জায়গাটাকে আরও অপরূপ সুন্দর করে তুলেছে

নদীর উপর একটা ঝুলন্ত লোহার তারের সেতু। পাহাড়ের ওপারে গ্রামটাকে এপারের সাথে যা জুড়েছে। সেতু থেকে চোখ ঘোরাতেই আর এক বিস্ময়। আমাদের হোটেল আর নদীর মাঝের জায়গাটা তে আপেলের বেশ বড় একটা বাগান। সব গাছে এত আপেল ঝুলছে যে গাছের পাতা দেখা যায় না।

হোটেলে সকালের জলখাবার তৈরি করতে বলে আমরা চললাম নদীর পারে। নদীর পারে ছোট বড় বিভিন্ন মাপের নুড়ি ছড়ানো। নদীর পারটা বেশ চওড়া। পায়ে পায়ে জলের দিকে এগলাম। কি অসম্ভব ঠাণ্ডা জল।হাতের তালুতে বেশিক্ষণ রাখা যায়না। লোহার তারের ব্রিজটা আমাদের ডান দিকে অনেক উপর ঝুলছে। দুএক জন লোক পারাপার করছে। এখানে বেশ খনিকটা সময় কাটিয়ে জলখাবার খেয়ে আমরা গাড়ি নিয়ে বেরিয়ে পরলাম হারশিল এর আশপাশটা দেখতে। আমরা আজ প্রথমে যাব মুখবা গ্রামে। তারপর ওখান থেকে বাগরি গ্রামে।

মুখবা গ্রাম আমাদের হোটেলের উল্টো দিকের পাহাড়ে। প্রায় দু কিলোমিটার পায়ে হাঁটা চড়াই পথ। পায়ে হাঁটে না গিয়ে একটু ঘুরে গাড়িতে পৌছালাম মুখাবা গ্রাম। রাস্তার ধারে পাহাড়ের গা বেয়ে সিমেন্ট বাঁধানো সিঁড়ি। সিঁড়ি ভেঙ্গে উঠলাম গঙ্গা মায়ের মন্দিরে। মন্দিরে তখন পূজা চলছে।

দীপাবলির পর বরফের চাদরে ঢেকে যায় গঙ্গোত্রী মন্দির। তখন গঙ্গামাকে ডোলিতে করে গঙ্গোত্রী মন্দির থেকে নিয়ে আসা হয় এই মুখবা গ্রামে। ঠাণ্ডা কমলে অক্ষয় তৃতীয়ার দিন ডোলি আবার ফিরে যায় গঙ্গোত্রী মন্দিরে।

মন্দিরের আশপাশে কয়েকটা কাঠের দোতালা বাড়ি । কাঠের উপর সুন্দর কারুকাজ করা। এখান থেকে দূরে দেখা গেল ধারালি গ্রাম। এত দুরথেকেও আমাদের হোটেল টাকে খুঁজে পেলাম।

আমাদের পরবর্তী গন্তব্য হারশিলের বাগরি গ্রাম। ১৯৬২ সালে ইন্দ তিব্বত যুদ্ধের সময় নেলং ভ্যালি খালি করে স্থানীয় লোকদের এখানে নিয়ে এসে থাকতে দেওয়া হয়। বাগরি গ্রাম ২০১৯ সালে রাষ্ট্রপতি দ্বারা শ্রেষ্ঠ নাবমি গঙ্গা গ্রামের সম্মানে সম্মানিত হয়। ছোট্ট একটা মিলিটারি ক্যান্টনমেন্ট পার করে ঢুকতে হয় গ্রামে। গ্রামে ঢোকার মুখে পরল একটা লোহার সেতু। সেতুর নিচ দিয়ে প্রবাল বেগে বয়ে চলেছে ভাগিরথি। নদীর পারের পাথরের গায়ে জল তীব্র বেগে আছড়ে পরেছে। আওয়াজে পাশের লোকের কথা শোনা যায় না।

গ্রামে ঢোকার পথে প্রথমে পরল উলসন হাউস। উলসন ছিলেন এক জন ইংরেজ মিলিটারি অফিসার। উনিই প্রথম এখানে আপেল এর বাগান তৈরী করান। স্থানীয় এক মহিলার সাথে প্রেম আর তারপর তাকে বিয়ে করে সারাজীবন এখানে কাটান এবং এ জায়গার প্রভূত উন্নতি করান।

গ্রামের প্রায় প্রতি ঘরেই মহিলারা তৈরী করছে গরমের পোশাক। বাড়ির সামনের দিকে তা সাজান। অনেকে কিনছে। সব বাড়িই দোতালা কাঠের তৈরী। নিচের তলায় একপাশে সার করে রাখা জ্বালানি কাঠ। আর অন্য পাশে গবাদি পশুদের থাকার স্থান। সারা গ্রাম আপেল গাছে ভরা। ছবির মতন সুন্দর এ গ্রাম। প্রচুর দর্শনার্থীর ভিড়। তাদের বেশির ভাগই বাঙালি। বাগরি গ্রাম আর একটা কারনে বিখ্যাত। রাজ কাপুর তার রাম তেরী গঙ্গা ময়লি ছবির কিছু অংশ এখানে শুট করেছিলেন। তার স্মারক হিসাবে এখন বহন করছে বাগরির এই পোস্ট অফিস। পোস্ট অফিসের বাইরে লাগানো ওই সিনেমার পোস্ট অফিসের শুট হওয়া একটা দৃশের পোষ্টার।

পরের দিন আমরা সকাল সকাল বেরিয়ে পরলাম গারতান গলি আর গঙ্গোত্রী মন্দিরের উদ্দেশ্যে। ধারালি থেকে ৯ কিমি দূরে গঙ্গোত্রী যাবার পথে পড়ল লঙ্কা ব্রিজ। ব্রিজের পাশেই গারতান গলি যাবার প্রবেশ পথ। কিন্ত আজ ভিতরে যাওয়ার আনুমতি মিলল না। আবহাওয়া প্রতিকুলতার জন্য এ সিদ্ধান্ত। কোলকাতা থেকে এতো দূর এসে বিফল মনে ফিরতে হবে, ভীষন হতাশ হলাম। ঠিক হল আগামিকাল আরেকবার আসবো।

গাড়ির চাকা এবার গড়াল গঙ্গোত্রীর উদ্দেশ্যে। লঙ্কা ব্রিজ থেকে ১৫কিমি দূরেই গঙ্গোত্রী মন্দির। মিনিট চল্লিশ পর গাড়ী এসে থামল গাঙ্গত্রি ধামে। মন্দিরের অনেক আগে গাড়িকে থামিয়ে দিল। এখান থেকে হাঁটা পথ। রাস্তের দুপাশে সার দিয়ে গাড়ি দাড়িয়ে। মাঝখান দিয়ে আসা যাওয়ার পথ। তারপর একটু সামনে এগুলে দুদিকে সারি সারি দোকান।

আমরা প্রথমে সূয কুণ্ড, গৌরী কুণ্ড আর পাণ্ডব গুহা দেখে ফেরার পথে গঙ্গা মন্দির দর্শন করব।তাই সোজা মন্দিরে দিকে না গিয়ে ডান দিকের পথ ধরলাম।

সূর্যের প্রথম কিরণ পড়ে এই কুণ্ডের উপর, তাই এর নাম সূর্য কুণ্ড। পুরান মতে আর বলে, মা গঙ্গাকে মহাদেব তাঁর জটাতে এখানে বন্দি করেছিলেন পৃথিবীকে ধ্বংসের হাত থেকে বাঁচাতে। এই সেই জটা। জটার মত দেখতে বিশাল পাথরটার উপরের এক দিক দিয়ে ভাগিরথি

নদী প্রবেশ করছে। পাথরে জাটায় ভিতর অদৃশ হয়ে প্রবল বেগে অন্য পাশ দিয়ে বের হয়ে পড়ছে একটা জলাধার এর মত জায়গায়। জায়গাটার তিন দিক রেলিং দিয়ে ঘেরা। আমরা যেদিক দাঁড়িয়ে আছি তার সামনে সোজা পাথরের দেওয়াল নিচে নেমে গেছে।

গৌরী কুণ্ড আমরা ফেরার পথে দেখব। এখন চলেছি পাণ্ডব গুহা দেখতে। এখান থেকে ১.৫ কিমি দূরে। না আসলে আক্ষেপ থাকতো। পাহাড়ের গা বেয়ে চড়াই উতরাই পথ। কখন তা আবার বিশাল বিশাল গাছের পাশদিয়ে। আর ডানদিকে অনেক নীচ দিয়ে বয়ে চলেছে ভাগীরথী। হঠাৎ ঝিরি ঝিরি বৃষ্টি শুরু হল। বৃষ্টি মাথায় নিয়ে এগিয়ে চলাম। পথ যেন আর শেষ হয়না। অবশেষে দুর থেকে পাণ্ডব গুহার দেখ মিলল।

ছোট্ট প্রবেশ পথ। গুহায় মাথা নিচু করে ঢুকতে হয়। ভিতরে দেখা মিলল এক সাধু বাবাজির।। পাথরের বেশ বড়ো একটা পাটাতনের মত জায়গায় কাঠের আগুনের সামনে ছিপ ছিপে চেহারার বাবাজী বশে আছেন। বাবাজীর চারদিকে ছড়িয়ে আছে টুকিটাকি জিনিস। একটা বৈদ্যুতিক হিটার বাবাজীর পাশে জ্বলছে। ভিতরটা বেশ আরামদায়ক। দুটো অল্পও পাওয়ার ইলেক্ট্রিক বাল্ব ভিতরে ঘুটঘুটে আন্ধকার কাটানোর আপ্রান চেষ্টা করছে। আমরা বসে আছি ওনার উল্টো দিকে পাথরের উপর। আমাদের সাথে আছে পথে আলাপ রুশি এক পরিবার। আমাদের সাথে পরিচয় সেরে বিদেশি দিকে তাকিয়ে তারা কোন দেশের জেনে হঠাতই 'জয় পুতিন' বলে চিৎকার করে ওঠলেন বাবাজী। চারদিকে হাসির রোল আর তার মাঝে রুশিদের 'জয় শ্রীরাম' ধ্বনি তে জায়গাটা গমগম করে উঠল। বাবাজী শোনালেন তার এখানকার কথা। শীতের সময় চারদিকে যখন বরফে মুড়ে যায়, চারিদিক কোন মানুষের দেখা মেলেনা, কিভাবে কাটান সে সব সময়। ফেরার আগে বাবাজী গরম কফি নিজের হাতে বানিয়ে আমাদের প্রসাদ হিসাবে পরিবেশন করলেন।

পাণ্ডব গুহা থেকে ফেরার পথে দেখলাম গৌরী কুণ্ড। হিন্দু পুরাণ মতে দেবী পার্বতী এখানে ১০০ বছর ধরে তপস্যা করেছিলেন মহাদেবকে বর হিসাবে পাওয়ার জন্য। এখান দেবী পার্বতীর সুন্দর একটা মন্দির আছে।

অবশেষে আমরা পৌছালাম গঙ্গোত্রী মন্দিরে। মন্দিরের দরজা তখন বন্ধ। ঝিরি বৃষ্টি মাথায় নিয়ে দর্শনার্থীরা লাইনে দাড়িয়ে মন্দিরের দরজা খোলার অপেক্ষায়। এখানেই মন্দিরের পাশে হোটেলে দুপুরের খাবার সারলাম। কিছুখন সময় কাটিয়ে ফিরে আসলাম আমাদের হোটেলে।

পরের দিন সকালের জলখাবার খেয়ে আবার বেড়িয়ে পড়লাম গারতান গলি দেখার জন্য। জানি না আজ পারমিশান মিলবে কিনা। না আজ ভগ্য সুপ্রসন্ন। নাম, ঠিকানা, ফোন নম্বর, আধার নম্বর ফর্মে ভরে ভিতরে যাওয়ার অনুমতি মিলল। এন্ট্রি ফীস জনপতি ৫০টাকা। এন্ট্রি গেট থেকে গারতান গলির দূরত্ব প্রায় দু কিমি, আর যা প্রবেশ দ্বার থেকে প্রায় ২০০০ ফুট উচ্চতায়। খুব সহজ হাইকিং নয় এটা। প্রতিদিন গড়ে পাঁচশ লোকের প্রবেশ আনুমতি মেলে এখানে। এপথে দরকার শারীরিক ক্ষমতা আর অসম্ভব মনের জোর। খাড়াই পথে খুব সতর্ক ভাবে পা ফেলে চলতে হয়। বাঁয়ে খাঁড়াই পাহাড়ের গা বেয়ে সরু পাথুরে চলার পথ। আর ডানদিকে প্রায় হাজার দু ফুট নিচে দিয়ে বয়ে চলেছে ভাগীরথী। একটু অসতর্কতা ভয়ঙ্কর বিপদ ডেকে আনতে পারে। পাঁয়ে পাথুরে পথে চলার উপযুক্ত জুতো আর হাতে লাঠি একান্ত প্রয়জন। পাহাড়ের প্রতি বাঁকে চোখ জূড়ানো প্রাকৃতিক দৃশ্য।

চলার পথে রাস্তার ডানদিকে দুরে দেখা যাছে নেলং ভ্যালী যাবার পথ। ডিনামাইট ফাটিয়ে পাহাড় কেটে রাস্তা চওড়া করার কাজ চলছে। ডিনামাইট ফাটার শব্দে চারদিক কেঁপে উটছে। রাস্তা চওড়া করার কাজের জন্য নেলং ভ্যালী যাবার প্রবেশ অনুমতি এখন বন্ধ।

প্রায় ঘন্টা দেড়েক চড়াই উতরাই পথ অতিক্রম করে গারতান গলির দেখা মিলল। কাঠের তৈরী ফুট তিনেক চওড়া একট কাঠের সিঁড়ি। ধাপে ধাপে নীচে নেমে গেছে। সিঁড়িটার একদিক পাহাড়ের দেওয়ালে আটকান। অন্যপাশ হাওয়া ঝুলছে। নীচটা পুরো ফাঁকা। সিঁড়ির ডানদিকে কাঠের রেলিং। অনেক নীচ দিয়ে বয়ে চলা নদী টাকে এত উঁচু থেকে সরু ফিতের মত লাগছে। চারদিকে অপূর্ব প্রাকৃতিক সৌন্দর্য। চোখে না দেখলে তা ভাষায় বর্ণনা করা সহজ নয়। অতীতে এক সময় এ পথ ধরে চলতো ভারত- তিব্বত মধ্যে ব্যবসা বাণিজ্য। আজ তা ইতিহাস। পুরনো কাঠের সিঁড়ি নষ্ট ও ব্যবহারের অনুপযোগী হওয়া রাজ্য সরকার থেকে আবার নতুন করে তৈরি করা হয়েছে বর্তমানের এই সিঁড়িটাকে।

এবার নামার পালা। এবারের মত বেড়ানোও শেষ। আজ রাত ধারালির হোটেলে কাটিয়ে আগামিকাল ভোরে রওনা হব হরিদ্বারের উদ্দেশ্য। সুন্দরী ধারালিকে বিদায় জানিয়ে। স্বপ্নের মত কেটে গেল কটা দিন। বাড়ি ফিরে আবার সেই গতানুগতিক জীবন।

এই এক ঘেয়ে জীবনে যখন হাঁপিয়ে উঠবো তখন মুক্তির স্বাদ দেবে এখানে কাটিয়ে যাওয়া কয়েকটা দিনের স্মৃতি । যা মনের মনি কোঠরে ভরে নিয়ে চললাম। ফেরার পথে, গাড়ির জানালা দিয়ে দুরের ঐ পাহাড়ের চূড়াটার দিকে তাকিয়ে তখন কেন জানিনা মনে হল আমার মনের কথা শুনে মুচকি হেসে উঠল।

# धन का महत्व

**राधानाथ राउत, कर्मी**

**प्रस्तावना :**

एक कहावत हैं -

"गोधन, गजधन, वाजिधन और रतनधन खान।
जब आवे संतोष धन, सब धन धुरि समान।।"

सुतरां सन्तोष रूपी धन सब प्रकार के धन से श्रेष्ठ है। इस धन के समक्ष गोरूपी धन, हाथी रूपी धन, घोड़ों रूपी धन और हीरे-जवाहरात सब नगण्य हैं, धूल के समान मानव एक संवेदनशील प्राणी है। उसकी अनन्त इच्छाएं हैं, जो कभी समाप्त नहीं होती। एक इच्छा पूर्ण होते ही दूसरी इच्छा जन्म ले लेती है। इस प्रकार इच्छाओं का कभी न समाप्त होने वाला सिलसिला प्रारम्भ हो जाता है।इसीलिए अर्थनीतिज्ञ एडमस्मिथ ने कहा – **"Human wants are unlimited अर्थात मनुष्यों की इच्छा असीमित" है।** यही इच्छाएं दुःखों का मूल कारण है। पैसा अर्थात धन जीवन की आवश्यकताओ की पूर्ति का अहम साधन हैं न कि साध्य, हम धन के द्वारा ही सभी आवश्यक वस्तुएं खरीद पाते हैं। प्राणियों की रक्षा के लिए भगवान ने पांच महाभूत यथा पृथ्वी या मिट्टी, वायु, जल, अग्नि और आकाश वनाया। लेकिन आज के समाज में धन को भी षड़ महाभूत की स्थान दिआ क्योकि धन के विना मनुष्य जी नहीं सकतें, अपने मौलिक आबश्यकताओ तथा खाद्य, वस्त्र और वासगृह को भी पूरी कर नहीं पायेंगे। धन के महत्व को कोई नहीं नकार सकता मगर इसके महत्वहीन उपयोग और अधिक से अधिक पाने की चाहत मनुष्य को बहुत नीचे गिरा देती हैं। प्रत्येक समय संसार के अधिकतर लोगों के मस्तिष्क में एक विचार चलता है वह है अधिक से अधिक धन कमाने के आसान से आसान तरीके और उपाय. पृथ्वी के अन्य जीवों तथा प्राणियों को छोड़कर धन मनुष्य की अहम जरूरत हैं जिसकी मदद से वह अपनी सभी जरूरतों की पूर्ति कर पाता है।

**वर्णन:**

हमारे दैनिक जीवन की कई मूलभूत जरूरतों यथा रोटी, कपड़ा, मकान, शिक्षा ईलाज आदि की पूर्ति के लिए धन का होना आवश्यक हैं इसतरह हम कह सकते है कि धन के बिना जीवन व्यतीत करना बेहद मुश्किल हो सकता है मगर असम्भव तो कतई नहीं |बहुत से लोग धनाभाव में अथवा बेहद अल्प धन के सहारे ही जीवन काट लेते हैं. जीवन में ख़ुशी, स्नेह प्रेम और रिश्तों को अधिक मजबूत और खुशहाल बनाने में पैसा अपनी भूमिका अदा कर सकता हैं. मगर धन ही इनका स्रोत कभी नहीं हो सकता हैं| एक दम्पति के रूप में व्यतीत कर रहे परिवार के गुजर बसर के लिए धन की आवश्यकता तो होती ही हैं मगर उसके साथ ही साथ स्नेह, मार्गदर्शन तथा मन की शान्ति तनाव मुक्ति आदि की जरूरत भी होती हैं|जीवन को अधिक आरामदेह बनाने की होड़ में धन पथभ्रमित कर हमें अपनों से अकेला भी कर देता हैं. इसलिए उतना ही कमाएं जो हमारी जरूरतों को पूरा कर सके साथ ही हम उस धन का सदुपयोग कर सके उसे नियंत्रित कर सके।

यदि हम धन के फायदे और गुण गिनने लगे तो ये असीमित होंगे इसकी वजह हमारे जीवन में धन की गहरी उपयोगिता हैं| समस्त लौकिक सुखो जैसे अच्छा घर बनवाना, फ़ार्म हाउस रखना, बढ़िया गाडी लेना, बच्चों को अच्छी शिक्षा दिलवाना आदि में धन लाभदायक है तथा हमारे इस तरह के जीवन लक्ष्यों की पूर्ति कर सकता है। आज पैसा सामाजिक प्रतिष्ठा का प्रतीक बन चूका हैं। समाज में सम्मानित जीवन वही लोग जीते हैं जो धनवान हैं. गरीब लोगों की कोई आवभगत नहीं हैं| हमारे यहाँ एक अच्छी कहावत है- **"जब तक जेब मे पैसा हैं लोग पूछेगे तू कैसा हैं।"** यह सच्चाई हैं क्योंकि धन के बिना व्यक्ति न अच्छी शिक्षा पा सकेगे न अच्छे वस्त्र भोजन, ईलाज करवा पाएगा, इसलिए सम्मानित जीवन जीने में धन मददगार साबित होता हैं |दैनिक जीवन में धन के मामले में सबसे बड़ा अंतर गरीब और अमीर व्यक्ति की खानपान में नजर आता हैं। एक तरफ अमीर लोगों के लिए खाने के लजीज पकवान बनते है तो वहीं गरीब को दो वक्त की रोटी सुलभ नहीं हो पाती हैं। **इसिलिए कहागया है –**

**"धन वाले के मित्र हजार**
**धन जाने सब हुए करार**
**गरीबका न कोई प्यार**
**इसकी दौलत है परिवार। "**

ऐसा नहीं है धन होने का मतलब लाभ ही लाभ है बल्कि इसके कई सारे दुष्परिणाम भी हैं. अधिकतर से हम अच्छी तरह रूबरू भी हैं। आज अपराध की जड़ पैसा ही हैं। चाहे वह प्रत्यक्ष रूप में हो या अप्रत्यक्ष रूप से, लोग नैतिक अथवा अनैतिक तरीके से धन पाने की चाहत में किसी दूसरे की

सम्पति लूटने उसे बर्बाद करने के लिए चोरी लूटपाट, सुपारी जैसे कृत्य अंजाम दे देते हैं,व्यक्ति को अनैतिक बनाने में जितना योगदान पैसे का है उतना अन्य किसी का नहीं हैं। अधिक पाने के लिए गलत उपयोग से भी बाज नहीं आते हैं। भ्रष्टाचार की समस्या के मूल में पैसा ही हैं। देने वाला अपना काम या अपने प्रति सहूलियत चाहता है रिश्वत लेने वाला अपने ईमान की कीमत लगाता हैं। इस तरह सरकारी दफ्तर के चपरासी से लेकर महकमों के आला अधिकार अपनी लम्बी जेब सिलवाते हैं। नेता लोग अपना घर भरने के लिए सरकारी योजनाओं का पैसा हडप कर जाते हैं। इन समस्त चारित्रिक पतन के कुकर्मों में धन का ही हाथ है उसी को ही पाने की लालसा हैं.धन न सिर्फ लालच, इर्ष्या और अपराध को जन्म देता हैं बल्कि शोषण का कारण भी बनता हैं। गरीब मजबुर व्यक्ति चाहे वह फेक्ट्री में काम करने वाला मजदूर हो या सुरक्षा गार्ड उन्हें कम से कम वेतन में अधिक से अधिक काम करवाया जाता हैं। धनाढ्य लोग शोषित व पिछड़े लोगों का शोषण कर अपनी अमीरी का ग्राफ बढ़ाने में लगे रहते हैं। जिस कारण गरीब ओर अधिक गरीब हो रहा है तथा अमीर अधिक अमीर हो रहा है।

जीवन निर्वाह के लिए सबसे आवश्यक वस्तुओं में से सबसे प्रमुख धन है। इसलिए हमें धन की सख्त आवश्यकता होती है, जिसके बिना कोई भी अपने दैनिक जीवन की आधारभूत आवश्यकताओं को पूरा नहीं कर सकता।हमें धन की सब जगह आवश्यकता होती है। कलयुग में धन से बड़ी कोई शक्ति नहीं है। धन के कई प्रकार होते है, जैसे सोना, चांदी और महंगे पत्थर, जमीन, बड़ी फैक्ट्री, शेयर्स, बांड्स, कागज़ के नोट, इ मुद्रा इत्यादि। अगर मनुष्य के पास काफी धन है तो वह प्रत्येक भौतिक सुख भोग सकता है। जैसे, खाना खाने के लिए, पानी या दूध पीने के लिए, स्कूल में प्रवेश लेने के लिए, शिक्षा प्राप्त करने के लिए, आदि अन्य आवश्यकताओं की पूर्ति के लिए हमें धन की आवश्यकता होती है। ऐसी सुविधाओं को धन के बिना पूरा नहीं किया जा सकता है। यह वह समय है **जब जीवन के लिए धन नहीं, धन के लिए जीवन हो गया है**।

हालांकि पैसा सभी खुशियां नहीं खरीद सकता है, यह जीवन के लिए बहुत महत्वपूर्ण है। जब किसी व्यक्ति के पास पैसा नहीं होता है, तो उसके अपने लोग भी उसे छोड़ देते हैं। भाई-बहन हो, पत्नी हो, दोस्त हो, नौकर हो, सब चले जाते हैं। जब कोई व्यक्ति अमीर हो जाता है, तो हर कोई उसके साथ संबंध बनाने में रुचि रखता है। इसलिए पैसा होना बहुत जरूरी है। कुछ लोग सही रास्ते से पैसा कमाते हैं, जबकि कुछ इसे अवैध तरीकों से कमाते हैं जैसे कि रिश्वत, चोरी आदि गलत तरीकों से कमाया गया धन अधिक समय तक नहीं रह सकता है। भले ही धन महत्वपूर्ण और आवश्यक हो, गलत तरीकों से इसे अर्जित करना स्वीकार्य नहीं है।गलत धन कमाने की अपेक्षा कम धन में रहना अच्छा है। ऐसा पैसा कभी नहीं जाता। गलत काम करके आप जो पैसा कमाते हैं वह बहुत निराशाजनक हो सकता है। चाणक्य नीति के अनुशार

**"अन्यायोपार्जितं वित्तं दशवर्षाणि तिष्ठति।**
**प्राप्ते चैकादशे वर्षे समूलं तद् विनश्यति।। "**

सुतरां चोरी, जुआ, अन्याय और धोखा देकर कमाया हुआ धन अधिक समय तक हमारे पास नहीं रहता। ऐसा धन बहुत जल्दी ही नष्ट हो जाता है। अतः व्यक्ति को कभी अन्याय से धन के अर्जन की प्रवृत्ति नहीं होनी चाहिए।धन की देवी मां लक्ष्मी की कृपा से व्यक्ति का जीवन बेहतर हो जाता है। ऐसे व्यक्ति को सभी पहलुओं से लाभ होता है।

**निष्कर्ष:** व्यक्ति को धन का सदुपयोग करना चाहिए प्रसन्न सकारात्मक विचार धन की वृद्धि करते हैं और मां लक्ष्मी को भी करते हैं। पैसे का इस्तेमाल कभी भी किसी को नुकसान पहुंचाने के लिए नहीं करना चाहिए धन की देवी लक्ष्मी बहुत क्रोधित होती हैं और व्यक्ति को छोड़ देती हैं इसलिए आपको पैसों के इस्तेमाल में सावधानी बरतनी चाहिए। शास्त्र में लिखा हुआ यह वचन अवश्य याद रखेंगे -

**"कुरु सद्बुद्धिम मानसी वत्सनाम**
**यल्लवसे निजकर्मोपट्टम,**
**बिट्टम टेन बिनोदया चित्तम"**

हे मूढ़ मनुष्य संसार की कीचड़ में डूबा हुआ धन का लालच छोड़ दो। दौलत इकट्ठा किये बिना समय बर्बाद किये सही रास्ते पर चलो, मेहनत से जो धन कमाया जा रहा है उससे मन को प्रसन्न रखें । व्यसन और लालच इंसान को खतरे में डालते हैं। दौलत हमेशा चाहिए लेकिन इसे सही तरीके से करने की जरूरत है।" आपको अन्य लोगों के प्रति जो सहायता प्रदान की जाती है, उसके साथ आपको अधिक भेदभावपूर्ण होना होगा । हम सांसारिक प्रेम से घिरे हुए हैं। जब तक हम रहेंगे, हम उन बंदरों की तरह बंधे रहेंगे हमें रिहा नहीं किया जाएगा। भगवान ने अपनी रचना में सभी की जरूरतों को पूरा करने के लिए पर्याप्त प्रदान किया है लेकिन लालची व्यक्ति के लिए इतना ही काफी नहीं है वह हमेशा गलत तरीके से अधिक पैसा कमाने की कोशिश करता है। ग़रीब कभी ज़रूरतमंद की मदद नहीं करते आप सही तरीके से जो पैसा कमाते हैं वह आपको हमेशा संतुष्टि देता है तो इन मूर्ख लोगों को लालच छोड़ दो और सही तरीके से जीने दो और भगवान की शरण में जाओ।

# तुम जरूर आओगी

**रायपाटि सुब्बाराव, सह-आचार्य, यांत्रिक विभाग**

नई दिल्ली रेल्वे स्टेशन...प्लेटफार्म नंबर बारह ...कश्मीर गेट की तरफ नज़र रखके खड़ा हूँ...पहली बार आया हूँ मैं इधर...वो भी तुम्हारे लिए... इतनी गहरी रात को... रात के दस बज रहे हैं...देहरादून वाली एक्सप्रेस को आने में अभी समय बाकी है...वही हमें अपनी मंजिल ले जाएगी...क्या सोची थी तुम मेरे बारे में? कि... मैं नहीं आऊँगा... तुम्हारे लिये तो कही भी आने के लिया तैयार हूँ... और कुछ भी करने को तैयार हूँ... और मैं अपने आप को खो भी सकता हूँ...

प्लेटफार्म पर देखा तो...लोग चिल्ला रहे हैं...पागल जैसे इधर-उधर घूम रहे हैं...हॉकर्स अपना-अपना माल बेचने की कोशिश कर रहे हैं...यहाँ बहुत हंगामा है... हर तरफ ये या वो बेचने वाले लोग... और भीड़ भी वैसी ही है...वो लोग मुझे बहुत ही परेशान कर रहे हैं...वैसे... स्टेशन के सभी लोग मेरी जान पहचान सा लग रहे हैं...दुनिया छोटी है ना...

अब मुझे कुछ याद नहीं आ रहा है...मुझे सिर्फ तुम ही नज़र आ रही हो...और सोचता हूँ कि...क्या हम सही कर रहे हैं? हमारा सोच सही है क्या? हमारे घरवाले हमारे बारे में क्या सोचेंगे? हम कुछ बुरा तो नहीं कर रहे है...

प्लेटफार्म पर तो शोर ज्यादा हो रहा है...कूली अपना सामान एक प्लेटफॉर्म से दूसरे प्लेटफॉर्म पर ले जा रहे हैं। कुछ यात्री आने वाली ट्रेन की दिशा में देख रहे हैं। सभी प्रतीक्षालय खचाखच भरे हुये हैं | ट्रेन से उतरे लोग जलपान के लिए चाय और नास्ते की दूकानों पर भीड़ लगा रहे हैं। हर तरफ हल्ला मचा हुआ है...लोगों में क्षमता बहुत कम नज़र आ रही है... हर छोटीसी चीज के लिये झगड़ा कर रहे हैं| दूकानदार अपने माल के नाम से चिल्ला रहे हैं... प्यासे यात्रियों को कोई पानी पिला रहा हैं। दूसरे कूली पार्सल वैन से माल उतार रहे हैं और चढ़ा रहे हैं...

ये सब नहीं जानते हैं कि मेरे मन में क्या है...वैसे देखे तो ...मैं उनके इरादों को भी तो नहीं जानता..हर कोई अपने लक्ष्य तक पहुंचना चाहता है...हर दिन... लोगों का अपनी -अपनी मंजिल रहती है...उसके लिए कुछ भी करने को तैयार हो जाते हैं...मैं भी वैसा ही हूँ...तुम्हारे लिये कुछ भी कर सकता हूं...मैं नहीं बोल सकता... वह किस लिए...

वे दिन थे तुम रोज स्कूल आया करती थी...साइकिल पर...मैं भी तुम्हारे पास से गुजरता था...पहले तो कुछ मेहसूस भी नहीं किया मैने ...लेकिन तुम तो हमें अच्छी लगती थी...बाद में जब हम नजदीक वाले कॉलेज में इंटर के लिए शामिल हुये थे...तभी पता चला...कि...हम दोनों के बीच में कुछ है...तब से शायद कुछ होने लगा था...वैसे हम बोल नहीं पा रहे थे...तुम भी तो वैसे ही थी...अपने अरमानों को छुपाके रखती थी...वैसे सारे लड़कियाँ तो ऐसे ही हैं...कुछ बोलते नहीं हैं... खासकर इन जैसे मामलों में...हमारे विषय में भी यही हुआ है... तुम कुछ नहीं बोली और हम कुछ नहीं बोले...

समय बदला...लोग बदले...हम भी दूर चले आये दिल्ली...काम करने...तुम भी कही और नौकरी करने बैंगलोर गयी थी...देखते देखते ही तुम्हारे घर के लोग तुम्हारी शादी कराने के लिये सोच रहे थे...इतने में जब हम पिछले दशहरे के लिये घर आये तो... किस्मत अच्छी थी कि तुम हमें सब्जी मंडी में मिली थी...हम अपने आप को संभाल नहीं पाये...आसू पोंछकर...तुमसे बात किया तो सारी बातें पता चली ...तभी पता चला कि तुम भी हमारे लिये देख रही थी...और हम भी तुम्हारे लिये...तभी हमने वादा लिया कि हम कभी जुदा ना होंगे...और हम साथ साथ रहेंगे...

उसी की वजह से तो हम यह निर्णय लिये थे...हम भाग नहीं रहे हैं...हम अपनी इरादों पर चल रहे हैं... मैं तुम्हे अच्छी तरह देखभाल करूँगा... तुम्हे कष्ट नहीं पहुंचाऊँगा...हम अपना घर ऋषिकेश में बनायेंगे...गंगा के तट पर...तुम घर संभालोगी ...हम तुम्हारे लिए काम करके पैसे कमायेंगे ...


वो दिन और दूर नहीं है...कि... तुम, मैं और हमारे दो नन्ने मुन्ने बच्चे अपने आँगन में टहल रहे होंगे ...

पैसा नहीं तो क्या हुआ...जायदाद छोड़ना पड रहा है तो क्या हुआ...मेरे लिए तो तुम हो...


वो काफी है मेरे लिए...

मुझे आशा है कि...

तुम जरूर आओगी...




**Artist:** Shri Shivam Dey, S/o Shri Priyatosh Dey




On the way of Gurudongmar Lake (photograph by Shri Prasanta Paul, Staff)






**“The best way to find yourself is to lose yourself in the service of others”**

*-Mahatma Gandhi*

NATIONAL INSTITUTE OF TECHNICAL TEACHERS’ TRAINING AND RESEARCH, KOLKATA
Block-FC, Sector-III, Salt Lake City, Kolkata-700106
Phone: +91-33-66251900, Email: ds@nitttrkol.ac.in, Visit us at www.nitttrkol.ac.in

How to Reach NITTTR, Kolkata

The Institute is located near Labony Bus Stand (Sector-III), FC Block in Salt Lake City, Kolkata 700106 and can be reached by taxi from Netaji Subhas Chandra Bose International Airport and also from Howrah, Shalimar, Sealdah and Kolkata Railway Stations.




Distance:

- From Howrah Railway Station: **42 min** (8.1 km) via Maniktala Main Road
- From Sealdah Station: **26 min** (7.4 km) via Beliaghata Main Road and Broadway Road
- From Kolkata Railway Station: **16 min** (4.8 km) via Canal Circular Road
- From Shalimar Station: **38 min** (18.8 km) via Parama Island Flyover
- From Netaji Subhas Chandra Bose International Airport: **27 min** (11.5 km) via Kazi Nazrul Islam Sarani/VIP Road

Google map link:
https://goo.gl/maps/F7gssJoeqxSvffqf9

**Layout Design & DTP Work:** Shri Utpal Chakraborty